গিফটেড অ্যান্ড ট্যালেনটেড কর্মসূচি সহায়িকা

২০১৫ সালের সেপ্টেম্বরে আসনপ্রার্থী শিক্ষার্থীদের জন্য

যেসব শিক্ষার্থীর জন্ম ২০১০

স্বাগতম!	নিউ ইয়র্ক শহরের প্রতিভাবান ও মেধাবী প্রোগ্রামগুলির ব্যাপারে আপনার আগ্রহের জন্য আপনাকে ধন্যবাদ। 2015-2016 শিক্ষাবর্ষে স্থান পাওয়ার জন্য আবেদন ও পরীক্ষা সংক্রান্ত বিষয়ে তথ্যে জন্য এটি পড়ুন।

গুরুত্বপূর্ণ তারিখগুলি

যে সমস্ত পরিবারগুলি সেপ্টেম্বর 2015-এ প্রতিভাবান ও মেধাবী (G&T) হিসেবে স্থান পাওয়ার চেষ্টা করছেন তাদের জন্য

তারিখ	ঘটনা
নভেম্বর 7, 2014	**পরীক্ষা নেওয়ারআবেদন (আরএফটি) পত্রটি দাখিল করার সময়সীমা**
অক্টোবর 14 – অক্টোবর 23, 2014	তারিখ ও স্থান সম্পর্কিত সামুদায়িক তথ্যের জন্য অনুগ্রহ করে 718-935-2009 নম্বরে কল করুন অথবা nyc.gov/schools/GT দেখুন
8ই জানুয়ারী – 6ই ফেব্রুয়ারী, 2015	বর্তমানে সরকারি বিদ্যালয়গুলির কে-2 ছাত্র-ছাত্রীদের G&T পরীক্ষার ব্যবস্থা বিদ্যালয়ের স্থানগুলিতেই করা হয়ে থাকে
জানুয়ারীর 10, 11, 17, 18, 24, 25, 31, এবং ফেব্রুয়ারী 1 2015।	বর্তমানে সরকারি ও বেসরকারি বিদ্যালয়গুলির প্রাক-শিশুবিদ্যালয় (প্রাক-কে) ছাত্র-ছাত্রীদের G&T পরীক্ষা নির্বাচিত কিছু স্থলে করা হয়ে থাকে
এপ্রিলের শুরুর দিকে 2015	যোগ্য ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বর সংক্রান্ত পত্র ও আবেদন পত্রগুলি পাঠানো হয়
এপ্রিল 23, 2015	**আবেদন প্রদেয়**
25শে মে-এর সপ্তাহ, 2015	পরিবারগুলির কাছে সিদ্ধান্তের পত্র পাঠানো হয়
28 মে – 11ই জুন, 2015	পরিবারগুলি ভর্তির প্রস্তাব গ্রহণ/প্রত্যাখ্যান করে

প্রতিভাবান ও মেধাবীদের ভর্তি সংক্রান্ত আরও তথ্য জানার জন্য

দেখুন: nyc.gov/schools/GT

ইমেল অ্যালার্ট পাওয়ার জন্য সাবস্ক্রাইব করুন: nyc.gov/schools/subscribe

কল করুন: 718-935-2009

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

নিউ ইয়র্ক শহরের শিক্ষাদপ্তর কর্তৃক গ্রন্থস্বত্ব © 2014 সংরক্ষিত

সামগ্রীর সারণী

NYC-এর প্রতিভাবান ও মেধাবী কার্যক্রমগুলি 2
প্রতিভাবান ও মেধাবীদের ভর্তি: এটা কিভাবে কাজ করে 2
পরীক্ষা নেওয়ার আবেদন 3
নাম নথিভুক্তকরণের অফিসের অবস্থান 4
বর্তমানে একটি G&T কার্যক্রমের অন্তর্ভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য RFT 4
মূল্যায়নের নির্ঘন্ট 5
পরীক্ষার তারিখগুলি সূচিতকরণ 5
অসুস্থতাজনিত কারণে মূল্যায়নের তারিখ পুনর্নির্ধারণ 5
মূল্যায়ন 6
লিখিত মূল্যায়ন (এনএনএটি) 6
মৌখিক মূল্যায়ন (ওএলএসএটি) 6
ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষাগুলির মূল্যায়ন 7
মানিয়ে নেওয়ার পরীক্ষা 7
মূল্যায়নের জন্য প্রস্তুতি 8
মূল্যায়নের বিশ্বস্ততা ও বৈধতা 8
পরীক্ষা পরিচালন সংক্রান্ত আপীল প্রক্রিয়া 8
পরীক্ষায় নম্বর দেওয়া 8
তোমার ফলাফল গ্রহণ করা 9
ঠিকানা পরিবর্তন 9
যোগ্যতা নির্ধারণ 9
আবেদন সম্পূর্ণ করা 10
সহোদর আছে এমন আবেদনকারী 10
ভর্তির প্রস্তাব 11
সহোদরদের অগ্রাধিকার 11
শহরব্যাপী কার্যক্রমে ভর্তি 11
জিলাব্যাপী কার্যক্রমে ভর্তি 12
ব্যতীক্রমী ভর্তির আবেদন 13
প্রতিভাবান ও মেধাবীদের নিয়ে 2014-2015 শিক্ষাবর্ষের ক্লাসগুলি 14
পরিবহন 17

পরিশিষ্ট বিষয়সূচি

প্রতিভাবান ও মেধাবী (জি অ্যান্ড টি)-দের পরীক্ষা নেওয়ার অনুরোধ নিদর্শ
পরীক্ষার প্রশ্নগুলি অনুশীলন করুন

এই পুস্তিকাটির অনুবাদ করা সংস্করণের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটটি পরিদর্শন করুন: nyc.gov/schools/GT

نرجو زيارة الموقع الإلكتروني أدناه للحصول على نسخة مترجمة من هذه الوثيقة.	이 문서의 번역본을 보시려면 아래 웹사이트를 방문하십시오.
এই নথির অনূদিত সংস্করণ পেতে হলে অনুগ্রহ করে নিচের ওয়েব সাইটে খোঁজ করুন।	С переводом этого документа на русский язык можно ознакомиться на указанном ниже вебсайте.
請到下面的網站查詢翻譯成您的母語的文件。	Por favor visite la página web que se encuentra debajo para obtener una versión traducida de este documento.
Tanpri, al sou sit wèb pi ba a pou w jwenn dokiman sa a tradwi an kreyòl ayisyen.	براہِ مہربانی اس دستاویز کی ترجمہ شدہ اشاعت کے لیے مندرجہ ذیل ویب سائٹ کا دورہ کریں۔

NYC-এর প্রতিভাবান ও মেধাবী কার্যক্রমগুলি

মেধাবী ও প্রতিভাবানদের (G&T) কার্যক্রমগুলি ব্যতিক্রমী শিক্ষার্থীদের শিক্ষাগত চাহিদাগুলিকে সমর্থনের জন্য New York City Department of Education (NYCDOE)-এর তরফে একটি প্রয়াস। G&T কার্যক্রমগুলি নির্দেশনামূলক কৌশল এবং উপাদানের ভিত্তিতে ভিন্ন হয়, কিন্তু G&T কার্যক্রমগুলি বিশেষায়িত *নির্দেশ প্রদান করে যা কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ডস (CCLS)-এর সাথে শ্রেণিবদ্ধ।*

- ***জিলার G&T কার্যক্রমগুলি*** *জিলার প্রাথমিক স্কুলগুলিতে প্রদান করা হয় এবং সেই সব স্থানীয় শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হয় যারা এই স্কুলগুলিতে পড়ে। জিলা G&T কার্যক্রম শিশুবিদ্যালয় থেকে শুরু হয় এবং স্কুলের টার্মিনাল গ্রেডে সমাপ্ত হয়। যে G&T শিক্ষার্থীরা জিলা G&T কার্যক্রমগুলিতে যোগদান করেন তারা সেই অঞ্চলের শিক্ষার্থীদের সাথে বা যারা এই স্কুলগুলিতে পড়ার যোগ্য তাদের সাথে মিলে এটা করেন। প্রধান বিষয়গুলির ক্ষেত্রে জিলা G&T প্রোগ্রামের শিক্ষার্থীরা একত্রে কাজ করেন, কিন্তু অন্য ক্লাসগুলির ক্ষেত্রে সেই সকল শিক্ষার্থীর সাথে নির্ধারিত হতে পারে যারা এই প্রোগ্রামে নেই (যেমন শরীরশিক্ষা, কলা)।*
- ***শহরব্যাপী G&T স্কুলগুলি*** *সকল বোরোর শিক্ষার্থীদের গ্রহণ করে, জিলার অধিবাসীদের কোনরকম অগ্রাধিকার প্রদান করে না। এই স্কুলগুলির সকল শিক্ষার্থী কেন্দ্রিভূত G&T আবেদন এবং ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে নিয়োজিত হন; এরা সেই অঞ্চলের শিক্ষার্থী অথবা এই স্কুলগুলিতে যোগদান করার অধিকারপ্রাপ্ত শিক্ষার্থী।*

পাঠ্যক্রম, নির্দেশ, G&T শিক্ষার পদ্ধতি সম্বন্ধে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে জিলা G&T কার্যক্রম পর্যালোচনা এবং শহরব্যাপী G&T স্কুলের ওয়েবসাইট দেখুন।

প্রতিভাবান ও মেধাবীদের ভর্তি: কীভাবে হয়

নিউ ইয়র্ক শহরে বসবাসরত প্রাক্-শিশুবিদ্যালয় (প্রাক্-শিশুবিদ্যালয়) থেকে 2য় শ্রেণি পর্যন্ত শিশুরা এই জি অ্যান্ড টি প্রবেশনে অংশগ্রহণের যোগ্য।

নিউ ইয়র্ক শহরে বসবাসরত পরিবারগুলি যারা প্রাক্-শিশুবিদ্যালয় থেকে 2015 সালের সেপ্টেম্বরে তৃতীয় শ্রেণির G&T কার্যক্রমে যোগদান করতে উৎসাহী, তাদের যোগ্যতা ও ভর্তির নির্ণায়ক ধাপগুলি সম্পর্কে জানার জন্য এই নির্দেশিকাটি ভালভাবে পড়তে হবে।

1. **একটি পরীক্ষা নেওয়ার আবেদন (আরএফটি) পত্র দাখিল করুন**
   G&T কার্যক্রমে ভর্তির প্রথম ধাপ হচ্ছে আপনার সন্তান আবেদন করার যোগ্য কিনা তা নির্ধারণ করার জন্য যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় অন্তর্ভুক্ত হওয়া। আগ্রহী পরিবারগুলিকে নিম্নলিখিত তিনটি উপায়ের মধ্যে যেকোন একটির মাধ্যমে অবশ্যই একটি রিকোয়েস্ট ফর টেস্টিং (RFT) ফর্ম জমা করতে হবে:
   - অনলাইন
   - স্বশরীরে তাদের সন্তানের NYCODE স্কুলে (পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য) গিয়ে
   - স্বশরীরে নাম নথিভুক্তকরণের অফিসে গিয়ে (নন-অয়াবলিক চার্টার স্কুলের শিক্ষার্থীদের জন্য)।

   RFT সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে পৃষ্ঠা 3 দেখুন।
2. **পরীক্ষার জন্য প্রস্তুতি নাও এবং পরীক্ষায় বোস**
   যে শিশুদের পরবিবারবর্গ পরীক্ষার অনুরোধ জানিয়েছেন তারা G&T নিয়োগের যোগ্য কিনা তা নির্ধারণ করার জন্য তাদের অমৌখিক (লিখিত) এবং মৌখিক উভয় ধরনের পরীক্ষাই দিতে হবে। যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার পদ্ধতি, পরীক্ষার জন্য তাদের প্রস্তুতি নেওয়ার পরামর্শ এবং যোগ্য ছাত্র-ছাত্রীদের পরীক্ষার স্থান সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 6-8 পড়ুন।
3. **ফলাফল দেখুন এবং ভর্তির জন্য আবেদন জানান (যদি প্রযোজ্য হয়)**
   পরীক্ষা নেওয়া এবং ফলাফল ঘোষণা হয়ে গেলে, পরিবারগুলিকে তাদের সন্তানদের ফলাফল পত্র দিয়ে দেওয়া হবে। G&T পরীক্ষায় শতাংশের হারে 90-এর বেশি নম্বর পাওয়া ছাত্র-ছাত্রীরা জিলা-ভিত্তিক G&T কার্যক্রমে ভর্তির জন্য আবেদন করার যোগ্য। G&T পরীক্ষায় শতাংশের হারে 97-এর বেশি নম্বর পাওয়া ছাত্র-ছাত্রীরা জিলা-ভিত্তিক ও শহরব্যাপী উভয় G&T কার্যক্রমে ভর্তির জন্য আবেদন করার যোগ্য। ফলাফল সংক্রান্ত আরও বিস্তারিত তথ্যের জন্য পৃষ্ঠা 8 দেখুন।

আপনার সন্তান যদি G&T কার্যক্রমে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হয়, তাহলে 2015-এর এপ্রিল মাসে আপনি আপনার সন্তানের G&T কার্যক্রমের বিকল্পগুলি সম্বলিত একটি আবদেন পত্র পাবেন। আবেদনের মধ্যে, আপনি সেই G&T কার্যক্রম চয়ন করার সুবিধা পাবেন যেখানে আপনি আপনার সন্তানকে ভর্তি করতে চান। প্রত্যেক আবেদনকারীরা কার্যক্রমগুলিকে তার আগ্রহ অনুসারে নিজের পছন্দ মতো ক্রমে সাজাবে; পৃষ্ঠা 11-13-এ উল্লিখিত পদ্ধতি অনুসারে ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য বিবেচনা করা হবে। এখন আপনারা অনলাইনে, টেলিফোনে অথবা কোন একটি নাম নথিভুক্তকারী কার্যালয়ে স্বয়ং উপস্থিত হয়ে আবেদনপত্র জমা করতে পারেন। G&Tতে আবেদন সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে পৃষ্ঠা 10 দেখুন।

4. ভর্তির বিজ্ঞপ্তি প্রাপ্তি

2015 সালের মে মাসের শেষ নাগাদ সমস্ত যোগ্য ছাত্র-ছাত্রীরা একটি করে চিঠি পাবেন, তাদের সেই সময়ে ভর্তির প্রস্তাব করা হোক বা না-ই হোক। ভর্তির প্রস্তাব সংক্রান্ত আরও বিস্তারিত তথ্যের জন্য পৃষ্ঠা 11-13 দেখুন।

শিশুবিদ্যালয়ে প্রবেশ করতে চলেছে এমন ছাত্র-ছাত্রী

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা 2015 সালের সেপ্টেম্বর মাসে শিশুবিদ্যালয়ে প্রবেশ করতে চলেছে তারা একটি আবেদনপত্র জমা দেওয়ার মাধ্যমে শিশুবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভর্তি নেওয়ার প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। পরিবারবর্গ শিশুবিদ্যালয়ের একটি আবেদন অনলাইনে, নাম নথিভুক্তকরণের অফিসে স্বশরীরে এসে অথবা ফোনের মাধ্যমে জমা করতে পারেন। G&T প্রস্তাবের আগে শিশুবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এপ্রিল মাসে একটি সাধারণ শিক্ষাদান (নন-G&T শিশুবিদ্যালয়) সংক্রান্ত প্রস্তাবমূলক চিঠি পাবে, , এবং ওই প্রস্তাব গ্রহণের আগে তাদের নিবন্ধীভুক্ত হয়ে থাকা বাঞ্ছনীয় যাতে শরৎকালীন বিদ্যালয়ে ভর্তি হওয়া নিশ্চিত করে রাখা যায়। শিশুবিদ্যালয়ে ভর্তি সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য nyc.gov/schools/kindergarten দেখুন।

পরীক্ষা নেওয়ার আবেদন

আপনি যদি চান যে আপনার সন্তান নিউ ইয়র্ক শহরের সরকারি বিদ্যালয় G&T পরীক্ষায় অংশ নিক, তাহলে আপনাকে অবশ্যই একটি রিকোয়েস্ট ফর টেস্টিং (আরটিএফ) পত্র **অবশ্যই 7ই নভেম্বর, 2014** তারিখের মধ্যে নিম্নলিখিত যে কোন একটি উপায়ে দাখিল করতে হবে:

1. **অনলাইন:** অনলাইন আরটিএফ নিদর্শ পাবেন এখানে nyc.gov/schools/ChoicesEnrollment/applyonline. আপনি যদি অনলাইনে আবেদন করেন, তাহলে আপনার অনলাইন RFT নিদর্শটি দাখিল করা হয়ে গেলে আপনি ই-মেল মারফৎ একটি নিশ্চিতকরণ রসিদ পাবেন। ওই রসিদটি আপনার কাছে সংরক্ষণ করে অথবা মুদ্রিত করে রাখুন। আপনার বাড়িতে নিজস্ব কম্পিউটার না থাকলে এবং আপনি অনলাইনে RFT দাখিল করতে চাইলে, নিউ ইয়র্ক শহরে স্থিত একাধিক সরকারি গ্রন্থাগারগুলির একটি থেকে এই সুবিধা পেতে পারেন। আপনার অঞ্চলের একটি গ্রন্থাগারের সন্ধান পেতে 311 নম্বরে কল করুন।
2. **স্বয়ং উপস্থিত হয়ে:** আপনি যদি অনলাইনে আবেদন দাখিল করতে না পারেন, তাহলে আপনাকে কাগজে-কলমে এই RFT নিদর্শটি সম্পূর্ণ করতে হবে যা এই হাতবইয়ের পরিশিষ্টে পাওয়া যাবে।
    - **সরকারি** বিদ্যালয়গুলিতে পাঠরত পরিবারগুলিকে পরীক্ষা নেওয়ার আবদেন পত্রটি তাদের সন্তানের বিদ্যালয়েই দাখিল করতে হবে।
    - নন-পাবলিক এবং চার্টার স্কুলের পরিবারবর্গ একটি স্থানীয় নাম নথিভুক্তকরণের অফিসে ফর্ম জমা করবেন (4 নং পৃষ্ঠায় নাম নথিভুক্তকরণের অফিসের তালিকা দেখুন)।

অনুগ্রহ করে মনে রাখবেন: ডাক মারফৎ দাখিল করা RFT নিদর্শ গ্রাহ্য করা হবে না।

G&T পরীক্ষা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই সন্তান প্রতি একটি করে RTF ফর্ম জমা করতে হবে (উদাঃ আপনি যদি G&T পরীক্ষা দেওয়ার জন্য একাধিক ভাইবোনকে রেজিস্টার করতে চান, তাহলে আপনাকে প্রতিটি সন্তানের জন্য অবশ্যই পৃথক পৃথক RTF জমা করতে হবে)।

নথিভুক্তকরণ দপ্তরের অবস্থান

নথিভুক্তকরণ দপ্তরগুলি খোলা থাকবে সোম – শুক্র, সকাল 8:00টা – বিকাল 3:00টা পর্যন্ত।

বোরো	ঠিকানা
Bronx	1 ফোর্ডহ্যাম প্লাজা, 7ম তল Bronx, NY 10458
	1230 Zerega Avenue Bronx, NY 10462
Brooklyn	1780 Ocean Avenue Brooklyn, NY 11230
	415 89th Street Brooklyn, NY 11209
	29 Fort Greene Place Brooklyn, NY 11217
	1665 St. Mark's Avenue Brooklyn, NY 11233
	131 লিভিংস্টন স্ট্রিট Brooklyn, NY 11201

বোরো	ঠিকানা
Manhattan	333 Seventh Avenue, 12th Floor New York, NY 10001
	388 পশ্চিম 125তম সড়ক, 7ম তল New York, NY 10027
Queens	28 — 11 ক্যুইন্স প্লাজা উত্তর Long Island City, NY 11101
	30 — 48 লিন্ডেন প্লেস Flushing, NY 11354
	90-27 Sutphin Boulevard জামাইকা, NY 11435
Staten Island	715 ওশান টেরেস, ভবন এ Staten Island, NY 10301

আপনি যদি স্বশীরের এসে RTF জমা করেন, তাহলে আপনি যে স্কুল বা নাম নথিভুক্তকরণের অফিসে তা জমা করলেন সেখান থেকে একটি রশিদ নিতে ভুলবেন না কারণ আপনি যে সফলভাবে RFT জমা করেছেন এটি তা নিশ্চিত করবে। নিজের রসিদটি নিতে ভুলবেন না; আপনার RFT যদি পাওয়া না যায়, তাহলে আপনাকে নিদর্শ জমা করার প্রমাণ হিসেবে ওই রসিদ প্রদর্শন করতে হতে পারে যাতে আপনার সন্তান পরীক্ষায় বসতে পারে।

নির্ধারিত সময়সীমা 7ই নভেম্বর, 2014 তারিখের মধ্যে যে সমস্ত ছাত্র-ছাত্রীরা তাদের RFT নিদর্শ দাখিল করতে পারবে, একমাত্র তাদেরকেই পরীক্ষায় বসার অনুমতি দেওয়া হবে।

নাম নথিভুক্তকরণের অফিসে প্রদানকারী পরিষেবাগুলির সম্বন্ধে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে 718-935-2009 নম্বরে কল করুন।

বর্তমানে একটি G&T প্রোগ্রামে নথিভুক্ত এমন শিক্ষার্থীদের জন্য RTF।

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বর্তমানে একটি G&T কার্যক্রমে নথিভুক্ত হয়ে রয়েছে তাদের বর্তমান কার্যক্রমে বহাল থাকার জন্য নতুন করে পরীক্ষায় বসার প্রয়োজন নেই। কিন্তু, বর্তমান আপনি যদি জিলা-ভিত্তিক G&T কার্যক্রমের অন্তর্গত ছাত্র-ছাত্রীদের অভিভাবক হন, তাহলে আপনার সন্তানের শহরব্যাপী G&T কার্যক্রমে আবেদনের যোগ্য কিনা তা নির্ণয়ের জন্য পুনরায় পরীক্ষা নেওয়ার আবেদন (আরএফটি) পত্র দাখিল করতে পারেন। আপনি যদি আপনার জিলা-ভিত্তিক G&T কার্যক্রমে নথিভুক্ত থাকা সন্তানকে শহরব্যাপী G&T কার্যক্রমের জন্য আবেদনের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় বসান এবং সেই শিশু ওই পরীক্ষায় উত্তীর্ণ না হতে পারে, তাহলে উক্ত ফলাফল তার বর্তমান জিলা-ভিত্তিক G&T কার্যক্রমকে কোনভাবে প্রবাবিত করবে না; সে ওই কার্যক্রমে বহাল থাকতে পারে।

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বর্তমানে জিলা-ভিত্তিক G&T কার্যক্রমের অন্তর্ভুক্ত রয়েছে, তারা অন্য আরেকটি জিলার G&T কার্যক্রমে আবেদন করতে পারবে না। যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বর্তমানে শহরব্যাপী জি অ্যান্ড টি কার্যক্রমের অন্তর্ভুক্ত রয়েছে তারা অন্য কোন জি অ্যান্ড টি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

যে সমস্ত পরিবার বদলি নিয়ে চলে যাচ্ছে, তারা পরিবর্ত স্থানদানের আবেদন (পিইআর) পেশ করতে পারেন যার রূপরেখা 13 পৃষ্ঠায় দেওয়া আছে।

মূল্যায়ন নির্ঘন্ট

নিউ ইয়র্ক শহরের সরকারি বিদ্যালয়গুলিতে শিশুবিদ্যালয় – 2 শ্রেণিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য	8ই জানুয়ারী – 6ই ফেব্রুয়ারী, 2015
বর্তমান প্রাক্-কে ছাত্র-ছাত্রী এবং নিউ ইয়র্ক শহরে বসবাসরত বেসরকারি বিদ্যালয়গুলিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য	জানুয়ারীর 10, 11, 17, 18, 24, 25, 31, এবং ফেব্রুয়ারী 1 2015।

দ্রষ্টব্য: স্কুলগুলি 19শে জানুয়ারি, 2015 সোমবার মার্টিন লুথার কিং, জুনিয়র দিবসের জন্য বন্ধ থাকবে, কিন্তু 17ই জানুয়ারি শনিবার এবং 18ই জানুয়ারি রবিবার বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী NYCODE প্রাক-কে এবং নন-পাবলিক শিক্ষার্থীদের জন্য পরীক্ষা গ্রহণ করা জারি থাকবে।

পরীক্ষার তারিখগুলি সূচিতকরণ

বর্তমান কে-2 সরকারি বিদ্যালয়গুলিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য: নিউ ইয়র্ক শহরের সরকারি বিদ্যালয়গুলিতে শিশুবিদ্যালয় – 2 শ্রেণিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণ সংশ্লিষ্ট বিদ্যালয় থেকেই পরীক্ষার নির্দিষ্ট তারিখ সম্পর্কে জানতে পারবেন। পরীক্ষা গ্রহণ করার নূন্যতম দুদিন আগে পরীক্ষা গ্রহণের তারিখ সম্বন্ধে পিতামাতাদের তাদের সন্তানের বর্তমান স্কুলের মাধ্যমে অবগত করা হবে। উপরে উল্লেখিত পরীক্ষার সময়সীমার মধ্যে প্রতিটি প্রাথমিক স্কুল তাদের নিজস্ব পরীক্ষার সূচী নির্ধারন করে। পরীক্ষা সংশ্লিষ্ট বিদ্যালয়েই নেওয়া হবে এবং বিদ্যালয় চলাকালীন দিনগুলিতেই নেওয়া হবে।

প্রাক্ শিশুবিদ্যালয় তথা বেসরকারি বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের পরিবারগুলির জন্য: সমস্ত প্রাক্-কে ও বেসরকারি বিদ্যালয়ে পাঠরত ছাত্র-ছাত্রীদের পরীক্ষা সপ্তাহান্তের দিনগুলিতে তাদের নির্দিষ্টকৃত বিদ্যালয়গুলিতে অনুষ্ঠিত হবে। প্রাক-কে এবং নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদের পিতামাতারা যারা অনলাইনে RFT জমা করেছেন তাদের পরীক্ষার জন্য একটি তারিখ এবং স্থান নির্বাচন করতে বলা হবে। কোন কারণে যদি সপ্তাহান্তের পরীক্ষার দিনগুলিতে আপনার শিশুর পক্ষে পরীক্ষায় বসা সম্ভব না হয়, তাহলে অনুগ্রহ করে নিচে তালিকাভুক্ত তারিখগুলি যে কোন একটি নির্বাচন করে আবেদন পত্রটি পূরণ করুন এবং সেটি-সহ মূল্যায়ন পরিষেবা দপ্তরের 212-374-6646 নম্বরে অথবা ServiceCenter@schools.nyc.gov-এ যোগাযোগ করুন।

নির্ধারিত পরীক্ষার স্থান, তারিখ এবং সময় সম্পর্কে প্রাক্-কে ও বেসরকারি বিদ্যালয়ে পাঠরত ছাত্র-ছাত্রীদের পরিবারগুলিকে NYCODE -এর তরফে নির্দিষ্ট সময়ে জানিয়ে দেওয়া হবে। আপনি যদি আপনার সন্তানের পরীক্ষার তারিখ সম্বন্ধে ডিসেম্বর মাসের মাঝামাঝি সময়ের মধ্যে কোন বিজ্ঞপ্তি না পান, তাহলে অনুগ্রহ করে 212-374-6646 নম্বরে ফোন করে অথবা ServiceCenter@schools.nyc.gov-এ ইমেল করার মাধ্যমে মূল্যায়ন পরিষেবা দপ্তরের সাথে যোগাযোগ করুন।

- আপনি যদি RFT নিদর্শটি অনলাইনে দাখিল করে থাকেন, তাহলে আপনাকে ই-মেল বা ডাক মারফৎ জানানো হবে।
- আপনি যদি স্বয়ং উপস্থিত হয়ে এই নিদর্শ জমা করে থাকেন, তাহলে আপনাকে শুধুমাত্র ডাক মারফৎ এ বিষয়ে সূচিত করা হবে।

অসুস্থতাজনিত কারণে মূল্যায়নের তারিখ পুনর্নির্ধারণ

বর্তমান কে-2 সরকারি বিদ্যালয়গুলিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য: নির্ধারিত পরীক্ষার দিনটিতে আপনার সন্তান যদি অসুস্থ হয়ে পড়ে, আপনার শিশুর বিদ্যালয় কর্তৃপক্ষ তার জন্য পরীক্ষা গ্রহণের নির্ধারিত অবধির মধ্য আরেকদিন পরীক্ষায় বসার তারিখ পুনর্নির্দিষ্ট করার চেষ্টা করবেন। পরীক্ষায় বসার নতুন তারিখটি নির্দিষ্ট করা সংশ্লিষ্ট বিদ্যালয়ের স্বেচ্ছাধীন বিবেচনার অন্তর্ভুক্ত বিষয়, এবং এটি হওয়ার সম্ভাবনা আছে যে, উক্ত ছাত্র/ছাত্রী যে দিন সুস্থ হয়ে বিদ্যালয়ে প্রত্যাবর্তন করবে সেই দিনই তাকে পরীক্ষায় বসতে হতে পারে। পরীক্ষা গ্রহণের নির্ধারিত অবধি অতিক্রান্ত হয়ে যাওয়ার পর পরীক্ষায় অনুপস্থিত ছাত্র/ছাত্রী আর এই পরীক্ষায় বসার সুযোগ পাবে না।

প্রাক্-কে তথা বেসরকারি বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের পরিবারগুলির জন্য: পরীক্ষা জন্য নির্দিষ্ট দিনটিতে আপনার সন্তান যদি অসুস্থ হয়ে পড়ে, তাহলে NYCODE আপনার সঙ্গে কথা বলে পরীক্ষার জন্য আরেকটি দিন পুনর্নির্ধারণ করার চেষ্টা করবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে পরীক্ষার্থীদের সংখ্যাধিক্যের জন্য পরীক্ষার দিন পরিবর্তন করার সুযোগ সীমিত।

অসুস্থতার কারণে পরীক্ষার দিন পুনর্নির্ধারণ করার জন্য সাক্ষাৎ চেয়ে নিয়োগপত্রে প্রদত্ত ই-মেল অ্যাড্রেসে পরীক্ষা কেন্দ্রে ই-মেল পাঠান। আপনি যদি ই-মেল করতে না পারেন, তাহলে সোমবার নির্ধারিত পরীক্ষা শেষ হয়ে গেলে মূল্যায়ন পরিষেবা দপ্তরে 212-374-6646 নম্বরে ফোন করুন এবং প্রচালককে আপনার শিশুর জন্য যে পরীক্ষা কেন্দ্রটি নির্দিষ্ট করা হয়েছিল সেটি এবং আপনার নিয়োগপত্রে প্রদত্ত যোগাযোগ সংক্রান্ত তথ্য দেবার জন্য প্রস্তুত থাকুন। যদি উপলব্ধ থাকে, তাহলে পরীক্ষা কেন্দ্র সমন্বায়ক আপনার সঙ্গে যোগাযোগ করে আপনাকে নতুন একটি পরীক্ষার তারিখ জানিয়ে দেবেন।

মূল্যায়ন

কোন শিশু G&T কার্যক্রমে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করার যোগ্য কিনা তা বিচারের জন্য NYCDOE দুটি মূল্যায়ন করে *করে: নাগলিরি ননভার্বাল এবিলিটি টেস্ট* (NNAT) থেকে লিখিত পরীক্ষা এবং *ওটিস-লেনন স্কুল এবিলিটি টেস্ট (OLSAT) থেকে মৌখিক পরীক্ষা। মৌখিক ও লিখিত পরীক্ষাগুলি মধ্যে দিয়ে ছাত্র-ছাত্রীদের সুষম ও পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন করে তাদের বৌদ্ধিক ক্ষমতা যাচাই করা হয়। পরীক্ষাগুলি নিউ ইয়র্ক স্টেট প্রত্যয়িত শিক্ষকগণ নিয়ে থাকেন, যাঁরা এই দুই ধরনের মূল্যায়ন নেওয়ার ব্যাপারে প্রশিক্ষণপ্রাপ্ত। প্রথমে অমৌখিক (লিখিত) মূল্যায়ন করা হবে, তারপর মৌখিক মূল্যায়ন করা হবে।*

অনুশীলন করার জন্য এই হাতবইয়ের পিছনে প্রশ্নপত্র দেওয়া আছে যা পরিবারগুলিকে এই পরীক্ষার প্রশ্নগুলির ধরনে সম্পর্কে ধারণা দিতে পারবে এবং ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় বসার জন্য প্রস্তুত করে তুলতে সাহায্য করবে। সমস্ত প্রশ্নই একাধিক উত্তর থেকে সঠিক উত্তরটি বেছে নেওয়ার প্রারূপে আসবে।

লিখিত মূল্যায়ন (এনএনএটি)

ভাষার ব্যবহার ছাড়াই যুক্তিবিচারের দক্ষতা ও সমস্যা সমাধানের সাধারণ ক্ষমতার মূল্যায়নের জন্য জি অ্যান্ড টি-এর লিখিত পরীক্ষাগুলির পরিকল্পনা করা হয়েছে। প্রতিমান সম্পূর্ণকরণ, ক্রমবিন্যাস এবং সংযোজী ধারণা দিয়ে বিচার করতে হয় এমন সব কাজকর্ম এই পরীক্ষার অন্তর্ভুক্ত করা হয়েছে কারণ, এগুলির সাহায্যে ছাত্র-ছাত্রীদের সমস্যা সমাধানের ক্ষমতা সহজেই পরিমাপ করা সম্ভব হয়, তাদের মূল ভাষা, আর্থসামাজিক পটভূমি, সংস্কৃতি বা পূর্ব-বিদ্যালয় অভিজ্ঞতা যা-ই থেকে থাক না কেন।

ছাত্র-ছাত্রীদের সমস্যা সমাধানে দক্ষতা এবং সম্পর্ক নিরূপণ করার ও প্রদর্শিত করার ক্ষমতাগুলির পরীক্ষা নেওয়া হয়।

লিখিত পরীক্ষায় চার ধরনের প্রশ্ন আসে: প্রতিমান সম্পূর্ণকরণ, উপমা দ্বারা যুক্তিবিচার, ক্রমবিন্যাসগত যুক্তিবিচার এবং স্থানিক দর্শন।

লিখিত	**প্রতিমান সম্পূর্ণকরণ**	বিভিন্ন ধরনের নকশা ও আকৃতিগুলিকে চাক্ষুস উপলব্ধি করা এবং অনুপস্থিত সঠিক অংশটিকে চিহ্নিত করার ক্ষমতার পরিমাপ করে
	উপমা দ্বারা যুক্তিবিচার	**জ্যামিতিক আকারগুলির আন্তঃসম্পর্ক উপলব্ধি করার ক্ষমতার পরিমাপ করে**
	ক্রমবিন্যাসগত যুক্তিবিচার	**বিভিন্ন আকারগুলির ক্রম উপলব্ধি করার ক্ষমতার পরিমাপ করে**
	স্থানিক দর্শন	**দুই বা ততোধিক বস্তুকে যুক্ত করলে তাদের দেখতে কেমন লাগতে পারে তা উপলব্ধি করার ক্ষমতার পরিমাপ করে**

মৌখিক মূল্যায়ন (ওএলএসএটি)

মৌখিক জি অ্যান্ড টি মূল্যায়নটি পরিকল্পনা করা হয়েছে ছাত্র-ছাত্রীদের মৌখিক যুক্তিবিচার এবং বোধগম্যতাগত দক্ষতার পরিমাপ করার উদ্দেশ্যে যা শিক্ষাগত অর্জনের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কযুক্ত। বিভিন্ন ধরনের কাজগুলি যেমন সাদৃশ্য ও বৈসাদৃশ্য খুঁজে বের করা, শব্দ ও সংখ্যা স্মরণ করা, শব্দ ব্যাখ্যা করা, নির্দেশ অনুসরণ করা, শ্রেণিবিভক্ত করা, ক্রম তৈরি করা, পাটিগাণিতিক সমস্যার সমাধান করা এবং উপমা সম্পূর্ণ করা ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে কারণ এগুলির সাহায্যে ঠিক ঠিকভাবে যুক্তিবিচারের দক্ষতা পরিমাপ করা সম্ভব বলে জানা গেছে।

শিশুদের চিন্তাশক্তি (বিমূর্ত চিন্তা এবং যুক্তিবিচার) পরিমাপও করা হয়, যা বিভিন্ন ধরনের যুক্তিবিচারমূলক কাজ সম্পন্ন করার ব্যাপারে তাদের আপেক্ষিক শক্তি ও দুর্বলতাগুলি সম্পর্কে একটি ধারণা প্রদান করে।

ছাত্র-ছাত্রীদের দুটি মৌখিক বিষয়গুচ্ছের সাহায্যে পরীক্ষা করা হবে: মৌখিক বোধপরীক্ষণ ও মৌখিক যুক্তিবিচার।

মৌখিক	**মৌখিক বোধপরীক্ষণ**	কথা শুনে তার থেকে তথ্য আহরণ করে কাজ করার বা প্রতিক্রিয়া প্রদান করার ক্ষমতার পরিমাপ করা, উদাঃ নির্দেশ অনুসরণ করা
	মৌখিক যুক্তিবিচার	কথা শুনে আকার বা সম্পর্ক আবিষ্কার করার ও সমস্যা সমাধানের ক্ষমতা পরিমাপ করা, যেমন শ্রবণেন্দ্রিয়গত যুক্তিবিচার এবং পাটিগাণিতিক যুক্তিবিচার

ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষাগুলির মূল্যায়ন

সরকারি বিদ্যালগুলির শিশুবিদ্যালয় – 2 শ্রেণির যে সমস্ত ছাত্র-ছাত্রীরা ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইএলএলএস) হিসেবে চিহ্নিত তাদের জন্য অন্য ভাষায় পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হয়। সমস্ত প্রাক্-শিশুবিদ্যালয় ও বেসরকারি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অন্য ভাষায় পরীক্ষায় বসার যোগ্য। যে সকল শিক্ষার্থী বিকল্প ভাষায় মূল্যায়নের অনুরোধ করেছেন তাদের পিতামাতাদের এই তথ্যটি অবশ্যই পরীক্ষা নেওয়ার আবেদন (RTF) পত্র করতে হবে। প্রাক-কে এবং নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদের পিতামাতা যারা বিকল্প ভাষায় পরীক্ষা দেওয়ার অনুরোধ করতে পারেন তাদের অত্যন্ত যত্নসহকারে বিবেচনা করতে হবে যে তাদের সন্তান কোন ভাষাটিতে সবথেকে বেশি সাবলীল এবং কোন ভাষাতে তারা তাদের যোগ্যতা সবথেকে ভালভাবে প্রদর্শন করতে সক্ষম।

জি অ্যান্ড টি মূল্যায়নগুলি যে সমস্ত ভাষাগুলিতে করা হবে তার মধ্যে রয়েছে আরবীয়, বাংলা, চিনদেশীয় (ক্যান্টোনিস এবং মান্দারিন), ফরাসী, হাইতীয় ক্রেয়োল, কোরীয়, রুশীয়, স্পেনীয় এবং উর্দূ। G&T মূল্যায়নের জন্য একটি বিকল্প ভাষা নির্বাচন করা হয়ে গেলে পরীক্ষা চলাকালীন একাধিক ভাষায় অদল-বদল করে পরীক্ষা দেওয়া যাবে না এবং অভিভাবকগণ নতুন করে ইংরেজি ভাষায় পরীক্ষা নিতে অনুরোধ করতে পারবেন না।

মানিয়ে নেওয়ার পরীক্ষা

ব্যক্তিনির্দিষ্ট শিক্ষাদান কার্যক্রম (আইইপিএস)-এর অন্তর্গত অথবা 504 স্থানসঙ্কুলান পরিকল্পনার অন্তর্গত ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণ নির্দিষ্ট কিছুপরীক্ষা স্থানপাওয়ার জন্য যোগ্য হতে পারেন যেগুলি G&T পরীক্ষার জন্য নির্দিষ্ট করা আছে। IEP অথবা 504 প্ল্যান সহ কোন শিক্ষার্থীর যদি তালিকাভুক্ত নয় এমন কোন সুবিধার প্রয়োজন হয়, তাহলে 212-374-6646 নম্বরে ফোন করে অথবা ServiceCenter@schools.nyc.gov-এ ইমেল করার মাধ্যমে পরিবারের অবশ্যই মূল্যায়ন পরিষেবা দপ্তরের সাথে যোগাযোগ করা উচিৎ।

রিকোয়েস্ট ফর টেস্টিং (RFT) ফর্মে সাধারণত সবথেকে বেশি অনুরোধ করা পরীক্ষা সম্বন্ধীয় সুবিধাগুলির ইঙ্গিত দেওয়া হয়েছে, এবং নিচে তালিকাভুক্ত করা হয়েছে:

- দৃষ্টি সম্বন্ধীয় সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের বড় হরফে মুদ্রিত পরীক্ষার উপাদান;
- শ্রবণ সম্বন্ধীয় সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের জন্য ফ্রিকোয়েন্সি মডিউলেশন (FM) ইউনিট;
- সূক্ষ্ম এবং স্থূল মোটর সম্বন্ধীয় সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের জন্য লেখক;
- পৃথক স্থান এবং/অথবা 1:1 পরীক্ষা ব্যবস্থা; এবং,
- ELLS অথবা দ্বিভাষী শিক্ষার্থীদের জন্য বিকল্প ভাষার পরীক্ষার ফর্ম।

G&T পরীক্ষার পরীক্ষা সম্বন্ধীয় সুবিধা প্রদান সংক্রান্ত নীতিগুলি নিউ ইয়র্ক স্টেট রেগুলেশন্স এবং গাইডেন্সের সাথে সঙ্গতি রেখে তৈরি করা হয়েছে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, নির্দিষ্ট কিছু পরীক্ষা সম্বন্ধীয় সুবিধাগুলি G&T পরীক্ষায় প্রদান করা হয় না তার কারণ সেগুলি হয় অপ্রয়োজনীয় নাহলে সেগুলি পরীক্ষার মাত্রাকে পরিবর্তন করে। যে পরীক্ষা সম্বন্ধীয় সুবিধাগুলি প্রদান করা হয় না সেগুলি সম্বন্ধে জানার জন্য অনুগ্রহ করে নীচে দেখুন:

- *বর্ধিত সময়:* উভয় ধরনের মূল্যায়নই সময়সীমিত, যার ফলে বর্ধিত সময়ের অনুরোধ করা অপ্রয়োজনীয়। সকল শিক্ষার্থী তাদের নিজস্ব গতিতে কাজ করে, যদিও পরীক্ষা সম্পূর্ণ করার জন্য তারা সক্রিয়ভাবে কাজ করে।
- পরীক্ষার প্রশ্ন অথবা নির্দেশগুলিকে অনেক বেশিবার করে পড়ুন: এই সুবিধা ধারণক্ষম সেই ভাষা দক্ষতাগুলি পরিমাপ করার ক্ষেত্রে হস্তক্ষেপ করে, যা মৌখিক পরীক্ষার মাধ্যমে পরিমাপ করতে চাওয়া হয়। OLSAT পরীক্ষা দেওয়া প্রতিটি শিক্ষার্থী শুধুমাত্র একবার প্রশ্নগুলি শুনতে পায়। NNAT-এর জন্য এই সুবিধাগুলি প্রয়োজনীয় নয় কারণ পরীক্ষাটি অমৌখিক (লিখিত)।
- *পরীক্ষার প্রশ্ন এবং নির্দেশগুলি ব্যাখ্যা করা হয়েছে:* এই সুবিধা প্রদান করা হয় না কারণ ব্যবস্থাপকরা লিখিত প্রশ্ন বা নির্দেশগুলির কোন অংশকে পরিবর্তন করার অনুমতি প্রদান করেন না। এটি সকল শিক্ষার্থীর জন্য পরীক্ষা ব্যবস্থাপনা পদ্ধতিকে অনুরূপ রাখা নিশ্চিত করে।

আপনার সন্তানের IEP অথবা 504 প্ল্যান যদি RFTতে উল্লেখ করা নেই এমন কোন অতিরিক্ত, অনুমিত পরীক্ষা সুবিধার উল্লেখ করে, তাহলে যাতে সেগুলির বন্দোবস্ত করা যায় তার জন্য আপনাকে অবশ্যই 212-374-6646 নম্বরে ফোন করে অথবা ServiceCenter@schools.nyc.gov-এ ইমেল করে মূল্যায়ন পরিষেবা দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।

মূল্যায়নের জন্য প্রস্তুতি

G&T পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণের ব্যাপারে শিশুদের সাহায্যের জন্য পরিবারগুলি অনেক ধরনের কাজ করতে পারেন। পরীক্ষায় বসার আগে থেকে শিশুদের পর্যাপ্ত ঘুমের বন্দোবস্ত করা এবং তাদের পুষ্টিকর খাবার-দাবার খেতে দেওয়া উচিৎ। পরীক্ষা সম্বন্ধে শিশুদের মন থেকে অকারণ ভয় দূর করতে সাহায্য করে তাদের দুশ্চিন্তা দূর করার মধ্য দিয়েও পরিবারগুলি তাদের সাহায্য করতে পারে। শিশুদের তাদের সেরাটা দেবার জন্য উত্সাহিত করতে হবে, কিন্তু তাদের এ-ও বলতে হবে যে এমনটি কখনই নয় যে, তাদের সমস্ত প্রশ্নেরই উত্তর জানতে হবে।

পরীক্ষায় বসার আগে আগে পরিবারগুলির উচিৎ শিশুদের পরীক্ষা প্রস্তুতির উপাদানগুলির পর্যালোচনা করা। পরীক্ষা এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত তথ্যগুলি পরিবারগুলির ভালভাবে পড়া ও পর্যালোচনা করে নেওয়া উচিৎ। শিশুদের অনুশীলনমূলক পরীক্ষা দিতে বলা মানে তাদের পরীক্ষার অভিজ্ঞতা, পরীক্ষার নমুনা সামগ্রী এবং পরীক্ষার কাঠামো সম্পর্কে অভিজ্ঞতা প্রদান করা। পরীক্ষা চলাকালীন, মৌখিক পরীক্ষার ক্ষেত্রে শিশুরা প্রতিটি প্রশ্ন মাত্র একবারই শুনতে পাবে। 2010 সালে জন্মানো শিশুরা তাদের উত্তরে বিরাট কিছু বলবে মন প্রত্যাশা করা হয় না; শিশুরা সংক্ষেপে তাদের উত্তর দেবে এবং পরীক্ষা পরিচালনকারী তাদের প্রত্যুত্তর রেকর্ড করবেন।

পরীক্ষা চলাকালীন পরীক্ষা গ্রহণকারী শিক্ষক, অধ্যক্ষ বা পরীক্ষাকেন্দ্রের অধিক্ষকের বিচারে এটি প্রতিপন্ন হয় যে কোন শিক্ষার্থী আগে থেকেই প্রশ্নগুলি জেনে গেছে বা অন্যকে সাহায্য করছে বা অন্যের থেকে সাহায্য নিয়েছে, তাহলে অধ্যক্ষ বা পরীক্ষাকেন্দ্রের অধিক্ষক উক্ত অসৎপন্থা অবলম্বনকারী শিক্ষার্থীর বিরুদ্ধে NYCDOE দ্বারা নির্ধারিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেন এবং তার পরীক্ষা বাতিল করতে পারেন। বাতিলকৃত পরীক্ষায় মান প্রদান করা হবে না।

মূল্যায়নের বিশ্বস্ততা ও বৈধতা

OLSAT এবং NNAT উভয়ই শিক্ষার্থীদের ভরসাযোগ্য এবং বৈধ মূল্যায়ন করে। বিশ্বস্ততার অর্থ হচ্ছে যথাযথতা এবং পরীক্ষায় নম্বর দেওয়ার স্পষ্টতা এবং বৈধতার অর্থ হচ্ছে যে উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের দক্ষতা ও ক্ষমতার পরিমাপ করার কথা সেই প্রকৃত উদ্দেশ্যে প্রাসঙ্গিকতা।

মৌখিক ও লিখিত পরীক্ষার প্রতিটি প্রশ্নই পরিসংখ্যানগত ভাবে বিশ্লেষণ ও মূল্যায়ন করা হয়েছে প্রতিটি বয়স শ্রেণির মধ্যে সেগুলির জটিলতা, বিশ্বস্ততা, বৈধতা, উপযুক্ততা এবং কার্যকারিতার নিরীখে। পরীক্ষার প্রতিটি প্রশ্নই শিক্ষাবিদ, পরিমাপ বিশেষজ্ঞ এবং মনোবিদ দ্বারা কঠোরভাবে পর্যালোচনা করানো হয়েছে পরীক্ষার শীর্ষ মান নিশ্চিত করার জন্য এবং লিঙ্গ এবং শ্রেণি/জাতিগত উপগোষ্ঠী-সহ অন্য কোন উপগোষ্ঠীর থেকে প্রতি পক্ষপাত মুক্ত রাখার জন্য। প্রশ্নগুলিকে সেগুলির স্পষ্টতা, বিষয়বস্তুর যথাযথতা, সঠিক উত্তরের যথার্থতা, উত্তরের বিকল্পগুলির সম্ভাব্যতা এবং শব্দভাণ্ডারগত যথাযথতার নিরীখেও পর্যালোচনা করা হয়েছে।

পরীক্ষা পরিচালন সংক্রান্ত আপীল প্রক্রিয়া

আপনি যদি পরীক্ষা পরিচালনা সম্পর্কে কোন সমস্যার কথা জানাতে চান, তাহলে আপনাকে অবশ্যই উক্ত সমস্যাটি সম্পর্কে পরীক্ষা গ্রহণের 48 ঘন্টার মধ্য লিখিত আকারে জানাতে হবে। সমস্যার বিষয়ে মূল্যায়ন দপ্তরকে নিম্নলিখিত ই-মেল মারফৎ অবশ্যই জানাতে হবে: ServiceCenter@schools.nyc.gov অথবা চিঠি পাঠান: মূল্যায়ন দপ্তর,, G&T পরীক্ষা পরিচালন, 52 Chambers Street, Room 309, New York, NY 10007। মূল্যায়ন সংক্রান্ত অতিরিক্ত প্রশ্নের জন্য 212-374-6646 নম্বরে মূল্যায়ন পরিষেবা দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

পরীক্ষায় নম্বর দেওয়া

ছাত্র-ছাত্রীদের যোগ্যতা দুই ধরনের G&T মূল্যায়নের (মৌখিক ও লিখিত) ভিত্তিতে হবে। প্রতিটি ছাত্র-ছাত্রীকে একটি সার্বিক জি অ্যান্ড টি শতকরা মান প্রদান করা হবে যা বহু-ধাপ প্রক্রিয়ার মাধ্যমে নির্ণয় করা হবে:

- প্রতিটি মূল্যায়নের জন্য মূল নম্বর নিরূপণ করা;
- বয়স ও জাতীয় নিয়মের ভিত্তিতে প্রতিটি মূল্যায়নের প্রাপ্ত নম্বরের শতকরা হার নির্ণয় করা;
- প্রতিটি মূল্যায়নের প্রাপ্ত নম্বরের শতকরা হারের রূপান্তর ঘটিয়ে একই ক্রমে বসানো; এবং
- প্রাপ্ত নম্বরের শতকরা হারের রূপান্তরিত মানগুলিকে যুক্ত করে একটি সার্বিক জি অ্যান্ড টি শতকরা মান তৈরি করা।

প্রতিটি মূল্যায়নে সঠিক উত্তর করা প্রশ্নগুলির জন্য প্রাপ্ত মোট নম্বর হচ্ছে মূল নম্বর। মৌখিক পরীক্ষায় সম্ভাব্য সর্বোচ্চ মূল নম্বর হচ্ছে 30 (30টি প্রশ্নের জন্য)। লিখিত পরীক্ষায় সম্ভাব্য সর্বোচ্চ মূল নম্বর হচ্ছে 48 (48টি প্রশ্নের জন্য)।

প্রতিটি পরীক্ষায় নম্বরের শতকরা হার হচ্ছে 1 থেকে 99-এর মধ্যে কোন একটি সংখ্যা যা সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর সমবয়সী সহপাঠীদের থেকে তুলনামূলকভাবে সে কেমন ফল করেছে তা প্রদর্শিত করবে। প্রতিটি পরীক্ষায় প্রাপ্ত মানের শতকরা হার নির্ণয় করা হয় সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর মূল নম্বর এবং পরীক্ষার সময় তার বয়সের উপর ভিত্তি করে। ফলাফল পত্রে মৌখিক ও লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা মান প্রদর্শিত হবে, তার সঙ্গে সার্বিক G&T শতকরা মানও থাকবে।

মৌখিক এবং লিখিত মূল্যায়নগুলি ভিন্ন ভিন্ন পরীক্ষা এবং সেগুলিতে নম্বর দেওয়ার যে ক্রম ব্যবহার করা হয় তা-ও ভিন্ন। মৌখিক এবং লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরগুলিকে যোগ করার জন্য প্রতিটি পরীক্ষায় প্রাপ্ত শতকরা মানগুলিকে রূপান্তরিত করতে হবে যাতে করে সেগুলি একই ক্রমে এসে উপণীত হয়। প্রতিটি পরীক্ষার রূপান্তরিত শতকরা মান G&T সার্বিক শতকরা মান *তৈরিতে সমান (50/50) যোগদান দেবে। এই সার্বিক শতকরা মান-ই নির্ধারণ করে দেবে ছাত্র-ছাত্রীরা জি অ্যান্ড টি কার্যক্রমে আবেদন যোগ্য কিনা।*

সংখ্যা 1 হল ফলাফল প্রকাশের প্রক্রিয়ার দৃষ্টান্ত



Figure 1

তোমার ফলাফল গ্রহণ করা

পরীক্ষা নেওয়ার আবেদন (RFT) পত্রটি অনলাইনে দাখিল করা হয়ে থাকলে, পরীক্ষা গ্রহণ এবং নম্বর দেওয়ার কাজ শেষ হয়ে গেলে, পরিবারগুলিকে তাদের শিশুদের ফলাফল পত্র প্রদান করা হবে। যে সমস্ত পরিবারগুলি স্বয়ং উপস্থিত হয়ে RFT দাখিল করেছেন, তাদের শিশুদের ফলাফল পত্রগুলি শুধুমাত্র ডাকযোগেই পাঠানো হবে। ফলাফল পত্র পেতে বিলম্ব হওয়া এড়াতে পরিবারগুলির জন্য তাদের বর্তমান ও সম্পূর্ণ বসবাসের ঠিকানা এবং যোগাযোগের নম্বর প্রদান করা অত্যন্ত জরুরী।

G&T মূল্যায়নে অংশগ্রহণকারী সমস্ত ছাত্র-ছাত্রীকেই ফলাফল পত্র প্রদান করা হবে। শুধুমাত্র শতকরা হারে 90 বা তার বেশি নম্বর পেয়েছে এমন ছাত্র-ছাত্রীরা ফলাফল পত্রের সাথে সাথে G&Tতে ভর্তির জন্য আবেদন পত্রও পাবে।

ঠিকানা পরিবর্তন

RFT নিদর্শ দাখিল করার পরে কেউ যদি তার ঠিকানা পরিবর্তন করেন, তাহলে অনুগ্রহ করে আপনার বাড়ির ঠিকানা সংক্রান্ত তথ্যটি হালনাগাদ করুন:

- আপনার শিশু যদি বর্তমানে নিউ ইয়র্ক শহরের কোন সরকারি বিদ্যালয়ে পাঠরত অবস্থায় থাকে, তাহলে আপনার শিশুর বিদ্যালয়ে যেন আপনার বাড়ির ঠিকানা হালনাগাদ করে রাখা হয় তা নিশ্চিত করুন।
- আপনার শিশু যদি বর্তমানে নিউ ইয়র্ক শহরের কোন সরকারি বিদ্যালয়ে পাঠরত না হয় এবং আপনি যদি অনলাইনে আপনার RFT নিদর্শটি দাখিল করে থাকেন, তাহলে আপনি অনলাইনে-ই আপনার বাড়ির ঠিকানা হালনাগাদ করতে পারবেন।
- আপনার শিশু যদি বর্তমানে নিউ ইয়র্ক শহরের কোন সরকারি বিদ্যালয়ে পাঠরত না হয় এবং আপনি যদি স্বয়ং উপস্থিত হয়ে আপনার RFT নিদর্শটি দাখিল করে থাকেন, তাহলে তথ্যভাণ্ডার আপনার সম্পর্কিত তথ্যগুলি হালনাগাদ করার জন্য অনুগ্রহ করে 718-935-2009 নম্বরে ফোন করুন।

যোগ্যতা নির্ধারণ

জিলা-ভিত্তিক জি অ্যান্ড টি কার্যক্রমের জন্য যোগ্যতা

1. আপনার শিশুকে অবশ্যই 90তম শতাংশ বা তার বেশি মান অর্জন করতে হবে।
2. RFT নিদর্শটি দাখিল করার সময়, আবেদন করার সময় এবং ভর্তির সময় আপনার শিশুকে অবশ্যই নিউ ইয়র্ক শহরের বাসিন্দা হতে হবে।

শহরব্যাপী জি অ্যান্ড টি কার্যক্রমের জন্য যোগ্যতা

1. আপনার শিশুকে অবশ্যই 97তম শতাংশ বা তার বেশি মান অর্জন করতে হবে।
2. RFT নিদর্শটি দাখিল করার সময়, আবেদন করার সময় এবং ভর্তির সময় আপনার শিশুকে অবশ্যই নিউ ইয়র্ক শহরের বাসিন্দা হতে হবে।

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা শতকরা 97তম বা তার বেশি মান অর্জন করবে, তারা জিলা-ভিত্তিক ও শহরব্যাপী দুই ধরনের G&T কার্যক্রমে আবেদনের যোগ্যতা অর্জন করবে। শহরব্যাপী G&T কার্যক্রমগুলি কোন নির্দিষ্ট জিলার অধিবাসীদের অগ্রাধিকার প্রদান না করে পাঁচটি বোরোর সকল যোগ্য শিক্ষার্থীকেই পরিষেবা প্রদান করে।

আবেদন সম্পূর্ণ করা

আপনার সন্তান যদি G&T কার্যক্রমে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হয়, তাহলে 2015-এর এপ্রিল মাসে আপনি G&T কার্যক্রমের বিকল্পগুলি সম্বলিত একটি তালিকা পাবেন।

11-13 পৃষ্ঠায় বর্ণিত ভর্তির মানদন্ডের ভিত্তিতে নিয়োগের প্রস্তাব প্রদান করা হয়। **সকল আবেদনকারীকে** তাদের পছন্দের তালিকার ভিত্তিতে কার্যক্রমগুলিকে ক্রমানুসারে সাজাতে হবে। যদি কোন শিক্ষার্থী তার পরিবারের দ্বারা আবেদন করা একাধিক প্রোগ্রামের ভর্তির প্রস্তাব পেতে সক্ষম হয়, তাহলে শিক্ষার্থীর আবেদনপত্রে যেটি সর্বোচ্চ স্থানে আছে শিক্ষার্থীকে সেই কার্যক্রমটিই প্রদান করা হবে।

আপনিই যেহেতু আপনার আবেদন পত্রে তালিকাবদ্ধ বিদ্যালয়গুলির একটিতে যাওয়ার ব্যাপারে বিবেচনা করবেন, তাই আপনার বাড়ি থেকে বিদ্যালয়গুলি কত দূরে অবস্থিত সেই বিষয়টি বিবেচনার মধ্যে রাখতে ভুলবেন না। পরিবারগুলির উচিৎ আবেদন পত্রে তালিকাবদ্ধ বিদ্যালয়গুলির প্রতিটিতে যাওয়া – শুধুমাত্র বিদ্যালয় সমুদায় সম্পর্কে আভাস পাওয়ার জন্যই নয়, বরং যাতায়াতের বিষয়টি বুঝে নেওয়ার জন্যও।

বর্তমানে শিশুবিদ্যালয়, 1ম এবং 2য় শ্রেণিতে পাঠরত ছাত্র-ছাত্রী যারা পরীক্ষা দিয়েছে এবং G&T কার্যক্রমে আবেদন করার জন্য যোগ্যতা অর্জন করেছে, তাদের শুধুমাত্র সেই কার্যক্রমগুলির জন্যই আবেদন করা উচিৎ যেগুলি তারা তাদের বর্তমান ভর্তির স্থানে পছন্দ করবে।

সহোদর আছে এমন আবেদনকারী

যে সমস্ত আবেদনকারীদের সহদরেরা বর্তমানে সেই বিদ্যালয়েই পাঠরত যার জন্য তারা আবেদন করেছে, সেক্ষেত্রে *আবেদন পত্রের "সহোদর" বিভাগে উক্ত আবেদনকারীদের তাদের সহোদরদের বর্তমান তথ্যাবলী প্রদান করতে হবে (আবেদন পত্র দাখিলের সময়)। এমন কোন বিদ্যালয়ের জন্য আবেদন করবেন না যে বিদ্যালয়ে সহোদরকে ভর্তির পরিকল্পনা করেছেন। আবেদনকারীকে সহোদর সম্বন্ধীয় অগ্রাধিকার পেতে হলে, আবেদনপত্র জমা দেওয়ার সময় সহোদরকে সেই স্কুলে আগে থেকে ভর্তি থাকতে হবে বা আবেদন করার সময় ভর্তি হতে হবে এবং সেপ্টেম্বর 2015-এর মধ্যে K-5 গ্রেডে প্রবেশ করার মতো অবস্থায় থাকতে হবে।*

যে সমস্ত পরিবারগুলিতে থেকে সহোদরেরা একইসঙ্গে আবেদন করবে তাদের প্রত্যেককে আলাদা আলাদা আবেদন পত্র জমা দিতে হবে। উদাহরণ স্বরূপ, যমজ সন্তান সহ একটি পরিবার উভয় সন্তানের জন্য G&T প্লেসমেন্টের আবেদন করলে তাদের প্রতিটি সন্তানের জন্য অবশ্যই পৃথক পৃথক আবেদন পত্র জমা করতে হবে।

ভর্তির প্রস্তাব

প্রতিভাবান ও মেধাবী কার্যক্রমে ভর্তির প্রস্তাব নিম্নোক্ত অগ্রাধিকারগুলির ভিত্তিতে স্থির করা হবে:

- সহোদর হিসেবে অগ্রাধিকার;
- পরীক্ষার ফল (শতকরা হিসেবে স্থানাধিকারী);
- যে জিলায় প্রাথমিক শিক্ষাগ্রহণের জন্য তোমাকে মণ্ডলায়িত করা হয়েছে ("মণ্ডলায়িতে জিলা")।

আপনি আপনার আবেদন পত্রে আপনার পছন্দগুলিকে যে ভাবে সাজিয়েছেন তা একমাত্র তখনই বিবেচনা করে দেখা হবে যদি আপনার সন্তানকে উপরিউক্ত মানদণ্ডের নিরীখে একের অধিক কার্যক্রমগুলির জন্য মানানসই হিসেবে পাওয়া যায়। সেক্ষেত্রে আপনার সন্তানকে কেবলমাত্র একটিই কার্যক্রমের প্রস্তাব করা হবে যেটির জন্য আপনি সর্বোচ্চ পছন্দ নির্দেশ করেছিলেন।

ছাত্র-ছাত্রীদের সেই সমস্ত বিদ্যালগুলিতেই স্থান দেওয়া হবে যেগুলি আসন রয়েছে বলে জানাবে এবং একজন ছাত্র/ছাত্রী G&T পরীক্ষায় যতই নম্বর পান না কেন তাকে নিশ্চিতভাবে G&T কার্যক্রমে ভর্তির প্রস্তাব করা হবেই এমন কোন প্রতিশ্রুতি দেওয়া সম্ভব নয়। সাধারণত এই কার্যক্রমে যোগ্য ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রাপ্ত আসন সংখ্যাকে ছাপিয়ে যেতেই দেখা যায়।

সহোদর হিসেবে অগ্রাধিকার;

একজন আবেদনকারীকে সহোদর হিসেবে অগ্রাধিকার পেতে হলে ওই সহোদরকে অবশ্যই ওই বিদ্যালয়ে আগে থেকেই দাখিলাপ্রাপ্ত অবস্থায় থাকতে হবে অথবা আবেদন করার সময় তার দাখিলা হতে হবে, এবং 2015 সালের সেপ্টেম্বরের শুরুতে তাকে পঞ্চম শ্রেণিতে বা তার নিচে পাঠরত অবস্থায় থাকতে হবে। আসন নির্দিষ্ট করে দেওয়ার আগে বিদ্যালয়গুলিকে অবশ্যই সহোদর সংক্রান্ত অবস্থা যাচাই করে নিতে হবে।

আপনার সন্তানের জি অ্যান্ড টি কার্যক্রমে ভর্তির জন্য আপনার শীর্ষ পছন্দ যদি তার সহোদরের বিদ্যালয়টিই হয়, তাহলে আমরা আপনাকে উক্ত বিদ্যালয়টিকেই প্রথম পছন্দ হিসেবে চিহ্নিত করতে পরামর্শ দেব। G&T কার্যক্রমে ভর্তির জন্য আপনি যদি সহোদরের বিদ্যালয়ের থেকেও অন্য কোন বিদ্যালয়কে অধিক পছন্দের হিসেবে চিহ্নিত করেন, তাহলে আপনার সন্তান সেই বিদ্যালয়ের থেকেই ভর্তির প্রস্তাব পেতে পারেন।

শহরব্যাপী কার্যক্রমে ভর্তি

শহরব্যাপী G&T কার্যক্রমের গোটা বোরো থেকেই ছাত্র-ছাত্রীদের নেওয়া হয়, তাদের নিজস্ব জিলা বা বসবাসের স্থান ব্যতিরেকেই। এই কার্যক্রমগুলি বিদ্যালয়-ব্যাপী মডেল, যেখানে জি অ্যান্ড টি পাঠক্রম ও শিক্ষাচর্চা সমস্ত বিদ্যালয়গুলিতেই কার্যকরী করা হয়ে থাকে।

শহরব্যাপী G&T কার্যক্রম জন্য সহোদর যদি শতকরা হারে 97 বা তার বেশি মান লাভ করে, তাহলে তাকে প্রথম স্থান দেওয়া হবে, শতকরা মান অনুসারে। সমস্ত যোগ্য সহোদরদের স্থান দেওয়ার পর, সহোদর-বহির্ভুত আবেদনকারীদের শতকরা মান অনুসারে স্থান দেওয়া হবে। শহরব্যাপী G&T কার্যক্রমে স্থানদানের পদ্ধতি-প্রকরণ সম্পর্কে চিত্র 2-এ প্রদর্শিত হল।

Figure 1

একইরকম পছন্দ ও প্রাপ্ত নম্বরসহ একাধিক ছাত্র-ছাত্রী থাকলে যাদৃচ্ছিক স্থানদান পদ্ধতিতে ভর্তির প্রস্তাব দেওয়া হবে।

জিলাব্যাপী কার্যক্রমে ভর্তি

স্থানীয় সামুদায়িক বিদ্যালয়গুলিতে জিলা ভিত্তিক জি অ্যান্ড টি কার্যক্রমগুলিতে জি অ্যান্ড টি পাঠক্রম, শিক্ষাচর্চা এবং উন্নয়নমূলক সহায়তাগুলি সংশ্লিষ্ট শ্রেণিকক্ষগুলিতেই কার্যকরী করা হয়ে থাকে।

শহরব্যাপী কার্যক্রম জন্য সহোদর যদি শতকরা হারে 90 বা তার বেশি মান লাভ করে, তাহলে তাকে প্রথম স্থান দেওয়া হবে, শতকরা মান অনুসারে। সমস্ত যোগ্য সহোদরদের স্থান দেওয়ার পর, সহোদর-বহির্ভুত আবেদনকারীদের শতকরা মান অনুসারে স্থান দেওয়া হবে। পরিবারগুলি শহর জুরে যে কোন জিলায় যে কোন কার্যক্রমের জন্য আবেদন করতে পারেন, কিন্তু জিলা-ভিত্তিক অগ্রাধিকারপ্রাপ্ত আবেদনকারীদের প্রথমে আসনদান করা হবে।

একইরকম পছন্দ ও প্রাপ্ত নম্বরসহ একাধিক ছাত্র-ছাত্রী থাকলে যাদৃচ্ছিক স্থানদান পদ্ধতিতে ভর্তির প্রস্তাব দেওয়া হবে। অনুগ্রহ করে নিচের চিত্র 3 দেখুন।

একজন ছাত্র/ছাত্রী প্রাথমিক শিক্ষালাভের জন্য কোন জিলায় মণ্ডলায়িত হয়েছে তার ভিত্তিতে স্থান পাওয়ার জন্য যোগ্যতা অর্জনকারী প্রতিটি ছাত্র-ছাত্রীই এক বা একাধিক জিলার কার্যক্রমের জন্য অগ্রাধিকার দেওয়া হবে। সাধারণভাবে, পরিবারগুলির সেই জিলার জন্যই অগ্রাধিকার থাকবে যে জিলার জন্য তাদের সন্তানেরা মণ্ডলায়িত হয়েছে। কিন্তু, কিছু কিছু ক্ষেত্রে, যেমন কোন জিলা যখন এই কার্যক্রম পরিচালিত করবে না, NYCDOE আবেদনকারীদের পার্শ্ববর্তী জিলার এক বা একাধিক কার্যক্রম বিকল্পগুলি থেকে অগ্রাধিকারের প্রস্তাব করবে। ছাত্র-ছাত্রীদের স্থান সংকুলানের জন্য NYCDOE বছর বছর নতুন কার্যক্রম চালু করতে বা পরিবর্তিত করতে পারে। 2015-2016 শিক্ষাবর্ষের জন্য চূড়ান্ত কার্যক্রম বিকল্পগুলি সম্পর্কে যোগ্যতাপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্রের সঙ্গেই জানিয়ে দেওয়া হবে।

G&T কার্যক্রম রয়েছে এমন বিদ্যালয়ে মণ্ডলায়িত বা পাঠরত কোন ছাত্র-ছাত্রীকে অন্যান্য জিলার বসবাসকারী শিক্ষার্থীদের তুলনায় ওই বিদ্যালয়ের জন্য অগ্রাধিকার দেওয়া হবে না। জিলা-ভিত্তিক জি অ্যান্ড টি কার্যক্রমগুলি সংশ্লিষ্ট জিলা জুরে সমস্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানের উদ্দেশ্যে করা হয়েছে এবং উপরিউক্ত মানদণ্ড অনুসারে যোগ্যতাপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের এই কার্যক্রমগুলিতে স্থান দেওয়া হয়, যেগুলি হল: সহোদর হিসেবে অগ্রাধিকার, পরীক্ষায় প্রাপ্ত মান (শতকরা হারে মান) এবং মণ্ডলায়িত জিলা।



Figure 3

শ্রেণি-ভিত্তিক স্থানদান

2009 এবং 2010 সালে জন্মগ্রহণকারী শিশুদের শ্রেণি-ভিত্তিক স্থানদানের বিষয়টি নির্দিষ্ট করা হবে তাদের জন্মতারিখ অনুসারে। 2010 সালে জন্মগ্রহণ করা ছাত্র-ছাত্রীরা কেবলমাত্র শিশুবিদ্যালয়গুলিতেই স্থান পাওয়ার যোগ্য। 2009 সালে জন্মগ্রহণ করা ছাত্র-ছাত্রীরা কেবলমাত্র 1ম শ্রেণিতেই স্থান পাওয়ার যোগ্য।

2য় ও 3য় শ্রেণিতে স্থান পাওয়ার জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীদের বর্তমান শ্রেণিবিন্যাস অনুসারে স্থান দেওয়া হবে, তাদের জন্মতারিখকে বিবেচনায় না রেখেই।

শতকরা হারে 99^{তম} নম্বর অর্জনকারী

সকল ছাত্র-ছাত্রী শতকরা হারে 99তম নম্বর অর্জন করার আগে শতকরা হারে 99তম নম্বর অর্জনকারী ছাত্র-ছাত্রীদের সর্বাধিক জনপ্রিয় G&T কার্যক্রমগুলিতে আগে ভর্তি নিয়ে নেওয়া হবে। কিছু কিছু কার্যক্রম চূড়ান্ত প্রতিযোগিতাপূর্ণ যেখানে এমনকি শতকরা হারে 99^{তম} নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরও ভর্তির ব্যাপারে কোন প্রতিশ্রুতি দেওয়া যায় না।

একইসঙ্গে আবেদনকারী সহোদরেরা

ভিন্ন ভিন্ন শ্রেণিতে পাঠরত সহোদরেরা যদি একইসঙ্গে আবেদন করে, তাহলে প্রত্যেক সহোদরের জন্য একটি অতিরিক্ত আবেদন পত্র জমা দিতে হবে এবং প্রত্যেক সহোদরকেই আলাদা আবেদনকারী হিসেবে বিবেচনা করা হবে।

যমজ বা দুয়ের অধিক সহজন্মা সহোদরেরা *যদি যোগ্যতা অর্জন করে তাহলে তাদের একই স্থানে ভর্তির সুযোগ দেওয়া হবে*। উদাহরণস্বরূপ, যে সমস্ত যমজ সহোদরেরা মূল্যায়নে উচ্চ স্থান অধিকার করবে তাদের পৃষ্ঠা 11-12-এ উল্লিখিত পদ্ধতিতে স্থান দেওয়ার বিষয়ে বিবেচনা করা হবে। যমজ সহোদরেরা যদি মূল্যায়নে নিচের দিকের স্থানাধিকারী হয় একমাত্র তাহলেই তাদের একই কার্যক্রমে একসঙ্গে স্থান দেওয়া যাবে।

ছেড়ে যাওয়া আসন সংক্রান্ত প্রস্তাব

কিছু কিছু ক্ষেত্রে, জি অ্যান্ড টি কার্যক্রম ছেড়ে যাওয়ার কারণে কিছু আসন খালি হয়ে যেতে পারে। আবেদনকারীরা যে প্রোগ্রামের প্রস্তাব পেয়েছেন তার তুলনায় উচ্চ স্থানের থাকা যেকোন প্রোগ্রামে ভর্তির প্রস্তাব পাওয়ার জন্য তাদের উচ্চ স্থানে থাকা প্রোগ্রামের যোগ্যতা অর্জন করতে হবে (অথবা যদি কোন প্রস্তাব না পান তাহলে সকল প্রোগ্রামের জন্য যোগ্য হবেন)। স্থানদানের প্রক্রিয়া মূলগত প্রক্রিয়ার উপরে নির্ভর করেই হবে (সহোদর হিসেবে অগ্রাধিকার, পরীক্ষায় প্রাপ্ত নম্বর (শতকরা হার হিসেবে) এবং মণ্ডলায়িত জিলা)। পরিবারগুলিকে এর জন্য কোন পছন্দ উল্লেখ করতে হবে না; ছেড়ে যাওয়ার ভিত্তিতে আসনদানের প্রস্তাব NYCDOE-এর তরফে পরিবারগুলির কাছে সরাসরি করা হবে। একটি অ্যাট্রিশন প্রস্তাব গ্রহণ করার সম্ভবনা বৃদ্ধি করার জন্য পরিবারগুলির কোন পদক্ষেপ নেওয়ার প্রয়োজন নেই।

পরিবর্ত স্থানদানের আবেদন

সহোদর

আপনার সন্তানের জন্য যদি ভিন্ন কোন জি অ্যান্ড টি কার্যক্রমের প্রস্তাব করা হয় সেক্ষেত্রে আপনি আপনার স্থানীয় নথিভুক্তকরণ দপ্তরে (পৃষ্ঠা 4-এ তালিকাভুক্ত) একটি পরিবর্ত স্থানদানের আবেদন (পিইআর) পত্র দাখিল করে আপনার সন্তানকে তার নিজের বিদ্যালয়ে ভর্তির জন্য অনুরোধ রাখতে পারেন। পিইআর সংক্রান্ত পর্যালোচনা প্রক্রিয়ায় প্রাপ্ত নম্বরের তথ্য বিবেচনা করা হবে এবং কিছু কিছু ক্ষেত্রে, সহোদরদের একজনকে সাধারণ শিক্ষাদান শ্রেণিতে ভর্তির বিকল্পই একমাত্র বিকল্প বলে বিবেচনা করা হতে পারে।

কোন অনুজ সহোদর যদি তার অগ্রজ সহোদরের জি অ্যান্ড টি কার্যক্রমে ভর্তির প্রস্তাব না পায়, তাহলে আপনি একটি পিইআর দায়ের করে আবেদন রাখতে পারেন যাতে অনুজ সহোদরকে একই বিদ্যালয়ে সাধারণ পাঠক্রমে ভর্তি নেওয়া হয়।

বর্তমানে পাঠরত জি অ্যান্ড টি ছাত্র-ছাত্রীদের জন্য

যে সমস্ত শিশুরা ইতিমধ্যেই কোন না কোন জি অ্যান্ড টি কার্যক্রমের অন্তর্ভুক্ত রয়েছে তাদের পরিবারগুলি উপরে উল্লিখিত পরিবর্ত স্থানদানের আবেদন মারফৎতাদের অন্য কোন জি অ্যান্ড টি কার্যক্রমে স্থানান্তরের জন্য অনুরোধ রাখতে পারেন। অস্বাচ্ছন্দ্যতাজনিত নথিভুক্ত প্রমাণ থাকা পরিবারগুলিকে (যেমন সহোদর, নিরাপত্তা বা শারীরিক সমস্যা) এবং তাদের যারা নিজেদের অন্য জিলায় স্থানান্তরিত করে নিয়েছে, এ ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে(এবং তাদের নতুন ঠিকানার নথিপত্র প্রদান করা হতে পারে)।

জি অ্যান্ড টি কার্যক্রম-সহ 2014-2015 শিক্ষাবর্ষের বিদ্যালয়গুলি

নিচে 2014-2015 শিক্ষাবর্ষে জি অ্যান্ড টি কার্যক্রম পরিচালিত করবে এমন বিদ্যালয়গুলির একটি তালিকা দেওয়া হল। 2014-2015 সালে নিম্নলিখিত বিদ্যালয়গুলির প্রদর্শিত শ্রেণিগুলিতে G&T কার্যক্রম চালু আছে কিনা তা X দ্বারা চিহ্নিত করা হয়েছে। অনুগ্রহ করে মনে রাখুন যে, 2014-2015 শিক্ষাবর্ষে যে যে বিদ্যালয়গুলিতে G&T কার্যক্রম থাকবে সেগুলিতে পরবর্তী শিক্ষাবর্ষেও (2015-2016) এই কার্যক্রম বহাল থাকবে এবং এই তালিকার অন্তর্ভুক্ত নয় এমন কিছু বিদ্যালয়ও আগামি 2015-2016 শিক্ষাবর্ষে নতুন করে G&T কার্যক্রম শুরু করতে পারে। জি অ্যান্ড টি আবেদন পত্রের সঙ্গে আপনার সন্তানের জন্য উপলভ্য কার্যক্রমগুলির একটি পূর্ণাঙ্গ তালিকা দিয়ে দেওয়া হবে।

বোরো	ডিস্ট্রিক্ট	ডিবিএন	বিদ্যালয়ের নাম	K	1ম	2য়	3য়
Manhattan	1	01M015	P.S. 015 Roberto Clemente	X	X		
		01M110	P.S. 110 Florence Nightingale	X	X	X	X
		01M539*	New Explorations into Science, Technology and Math High School	X	X	X	X
	2	02M011	P.S. 011 William T. Harris	X	X	X	X
		02M033	P.S. 033 Chelsea Prep	X	X	X	X
		02M077	P.S. 77 Lower Lab School	X	X	X	X
		02M111	P.S. 111 Adolph S. Ochs	X	X	X	
		02M124	P.S. 124 Yung Wing	X	X	X	X
		02M130	P.S. 130 Hernando De Soto	X	X	X	X
		02M198	P.S. 198 Isador E. Ida Straus	X	X	X	X
		02M217	P.S./I.S. 217 Roosevelt Island	X	X	X	X
	3	03M163	P.S. 163 Alfred E. Smith	X	X	X	X
		03M165	P.S. 165 Robert E. Simon	X	X	X	X
		03M166	P.S. 166 The Richard Rodgers School of The Arts and Technology	X	X	X	X
		03M334*	The Anderson School	X	X	X	X
	4	04M012*	Tag Young Scholars	X	X	X	X
		04M102	P.S. 102 Jacques Cartier	X	X	X	X
	5	05M129	P.S. 129 John H. Finley	X	X	X	X
	6	06M153	P.S. 153 Adam Clayton Powell	X	X	X	X
Bronx	8	08X182	P.S. 182	X	X	X	X
	9	09X199	P.S. 199X - The Shakespeare School	X			
		09X204	P.S. 204 Morris Heights		X	X	
	10	10X007	P.S. 007 Kingsbridge	X	X	X	X
		10X024	P.S. 024 Spuyten Duyvil	X	X	X	X
	11	11X121	P.S. 121 Throop	X	X	X	X
		11X153	P.S. 153 Helen Keller	X	X	X	X
Brooklyn	13	13K003	P.S. 003 The Bedford Village				X
		13K009	P.S. 009 Teunis G. Bergen	X	X	X	X
		13K056	P.S. 056 Lewis H. Latimer	X			
		13K282	P.S. 282 Park Slope	X	X	X	X
	14	14K132	P.S. 132 The Conselyea School	X	X	X	X
	15	15K032	P.S. 032 Samuel Mills Sprole	X	X	X	X
		15K038	P.S. 038 The Pacific	X	X	X	X
		15K230	P.S. 230 Doris L. Cohen	X	X	X	X
	17	17K161	P.S. 161 The Crown			X	X
		17K316	P.S. 316 Elijah Stroud	X	X		

* বর্তমান শহরব্যাপী G&T কার্যক্রম

বোরো	ডিস্ট্রিক্ট	ডিবিএন	বিদ্যালয়ের নাম	K	1ম	2য়	3য়
Brooklyn	18	18K115	P.S. 115 Daniel Mucatel School	X	X	X	X
	19	19K149	P.S. 149 Danny Kaye	X	X		
		19K677	East New York Elementary School of Excellence			X	X
	20	20K102	P.S. 102 The Bayview	X	X	X	X
		20K104	P.S./I.S. 104 The Fort Hamilton School	X	X	X	X
		20K164	P.S. 164 Caesar Rodney	X	X	X	
		20K176	P.S. 176 Ovington			X	X
		20K200	P.S. 200 Benson School	X	X	X	X
		20K204	P.S. 204 Vince Lombardi	X	X	X	X
		20K205	P.S. 205 Clarion	X	X	X	X
		20K229	P.S. 229 Dyker	X	X	X	X
		20K686*	Brooklyn School of Inquiry	X	X	X	X
		20K748	P.S. 748 Brooklyn School for Global Scholars		X	X	X
	21	21K095	P.S. 095 The Gravesend	X	X	X	X
		21K099	P.S. 099 Isaac Asimov	X	X	X	X
		21K215	P.S. 215 Morris H. Weiss	X	X	X	X
	22	22K052	P.S. 052 Sheepshead Bay	X	X	X	X
		22K109	P.S. 109		X	X	X
		22K193	P.S. 193 Gil Hodges	X	X	X	X
		22K195	P.S. 195 Manhattan Beach	X	X	X	X
		22K197	P.S. 197 - The Kings Highway Academy	X			
		22K236	P.S. 236 Mill Basin	X	X	X	X
Queens	24	24Q016	P.S. Q016 The Nancy DeBenedittis School				X
		24Q068	P.S. 068 Cambridge		X	X	
		24Q119	I.S. 119 The Glendale	X	X	X	
		24Q153	P.S. 153 Maspeth Elem	X	X	X	X
		24Q229	P.S. 229 Emanuel Kaplan	X	X	X	X
		24Q290	A.C.E. Academy for Scholars at the Geraldine Ferraro Campus	X	X	X	X
		24Q330	P.S. 330	X	X	X	
	25	25Q021	P.S. 021 Edward Hart	X	X	X	X
		25Q032	P.S. 032 State Street	X	X	X	X
		25Q079	P.S. 079 Francis Lewis	X	X	X	X
		25Q165	P.S. 165 Edith K. Bergtraum	X	X	X	X
		25Q193	P.S. 193 Alfred J. Kennedy		X	X	
		25Q209	P.S. 209 Clearview Gardens	X			X
		25Q214	P.S. 214 Cadwallader Colden	X	X	X	
	26	26Q018	P.S. 018 Winchester	X	X	X	X
		26Q115	P.S. 115 Glen Oaks	X	X	X	X
		26Q133	P.S. 133 Queens	X			
		26Q188	P.S. 188 Kingsbury	X	X	X	X
		26Q203	P.S. 203 Oakland Gardens	X	X	X	X
	27	27Q108	P.S. 108 Captain Vincent G. Fowler	X	X	X	X
		27Q232	P.S. 232 Lindenwood			X	X

* বর্তমান শহরব্যাপী G&T কার্যক্রম

বোরো	ডিস্ট্রিক্ট	ডিবিএন	বিদ্যালয়ের নাম	K	1ম	2য়	3য়
Queens	28	28Q121	P.S. 121 Queens	X	X	X	
		28Q144	P.S. 144 Col Jeromus Remsen	X	X	X	X
		28Q174	P.S. 174 William Sidney Mount	X	X	X	X
		28Q220	P.S. 220 Edward Mandel	X	X	X	X
	29	29Q176	P.S. 176 Cambria Heights	X	X	X	X
	30	30Q085*	P.S. 085 Judge Charles Vallone	X	X	X	X
		30Q122	P.S. 122 Mamie Fay	X	X	X	X
		30Q150	P.S. 150 Queens	X	X	X	X
		30Q166	P.S. 166 Henry Gradstein	X	X	X	X
		30Q300*	The 30th Avenue School (G&T Citywide)	X	X		
Staten Island	31	31R003	P.S. 003 The Margaret Gioiosa School	X	X	X	X
		31R008	P.S. 8 Shirlee Solomon	X	X	X	
		31R029	P.S. 029 Bardwell			X	X
		31R042	P.S. 042 Eltingville	X			
		31R050	P.S. 050 Frank Hankinson	X	X	X	X
		31R053	P.S. 053 Bay Terrace	X	X	X	
		31R060	P.S. 060 Alice Austen	X	X		
		31R069	P.S. 069 Daniel D. Tompkins		X	X	X
Brooklyn	32	32K376	P.S. 376	X	X	X	X

* বর্তমান শহরব্যাপী G&T কার্যক্রম

পরিবহন

G&T কার্যক্রমে স্থান পাওয়ার অর্থ এই নয় যে আপনাকে যাতায়াতের জন্য স্কুল বাসের বন্দোবস্ত বিদ্যালয় থেকে করা হবে। সাধারণ বিদ্যালয়গুলিতে পরিবহণের যে নিয়মগুলি অনুসৃত হয়, জি অ্যান্ড টি কার্যক্রমের ক্ষেত্রেও সেই একই নিয়ম অনুসৃত হবে। নির্দিষ্ট করে বললে, আপনার শিশু যে কার্যক্রমে যোগদান করবে তা যদি আপনার বসবাসের জিলা থেকে ভিন্ন কোন জিলায় অবস্থিত হয়, তাহলে আপনি বিদ্যালয়ের তরফে বাস পরিবহণের সুবিধা পাবেন **না** , কিন্তু NYCDOE-এর তরফ থেকে আপনার সন্তান একটি মেট্রোকার্ড পাবে। আপনার শিশু যে কার্যক্রমে যোগদান করবে তা যদি আপনার বসবাসের জিলাতেই হয়, তাহলে NYCDOE নিচে উল্লিখিত তালিকাটি ব্যবহার করে এটি নির্ধারণ করবে যে, আপনার সন্তানকে বিনামূল্যে পরিবহন পরিষেবা প্রদান করা হবে না হবে না।

গ্রেডের স্তর	শিশুর বাড়ি থেকে বিদ্যালয়ের হাঁটা পথের দূরত্ব		
	½ মাইলের চেয়ে কম	½ মাইল বা তার থেকে বেশি, কিন্তু 1 মাইলের থেকে কম	1 মাইল বা তার থেকে বেশি
K – 2	MTA বাসে ভ্রমণের অর্ধেক মূল্যের ছাড়পত্র	হয় হলুদ বাস নতুবা মেট্রোকার্ড	হয় হলুদ বাস নতুবা মেট্রোকার্ড
3 – 4	কোন পরিবহনের সুবিধা প্রদান করা হবে না	MTA বাসে ভ্রমণের অর্ধেক মূল্যের ছাড়পত্র	

আপনার সন্তানের শ্রেণি এবং বাড়ি থেকে বিদ্যালয়ের দূরত্ব যদি উপরের "হয় হলুদ বাস নতুবা মেট্রোকার্ড" শ্রেণির খোপের মধ্যে পড়ে, তাহলে আপনার সন্তান হলুদ বাসের সুবিধা পাবে যদি:

1. উক্ত বিদ্যালয় যদি শিক্ষার্থী পরিবহন দপ্তরে হলুদ বাসের জন্য আবেদন করে থাকে;
2. শিক্ষার্থীর বিদ্যালয় তার বসবাসের জিলাতেই অবস্থিত হয়; এবং
3. NYCDOE উক্ত শিক্ষার্থী ও আরও অন্তত 10 জন শিক্ষার্থীকে ওই বাসরাস্তায় পেয়ে যায় যাদের মধ্যেকার দূরত্ব 5 মাইলের বেশি দীর্ঘ না হয়।

এই মানদণ্ড বহির্ভুত যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের একটি করে মেট্রোকার্ড প্রদান করা হবে। এর অর্থ হল, যে শিশুবিদ্যালয়ের শিক্ষার্থী অন্য জিলার বিদ্যালয়ে পড়তে যাবে অথবা বিদ্যালয় থেকে এতটা দূরত্ব থাকবে যে NYCDOE 11 জন/5 মাইলের বাসরাস্তা তৈরি করতে পারবে না, তাহলে সেই শিক্ষার্থী একটি মেট্রোকার্ড পাবে। অপেক্ষাকৃত বড় জিলাগুলির ক্ষেত্রে, যেমন 31 (স্ট্যাটেন আইল্যান্ড) অথবা ক্যুইন্স, অভিভাবকদের এই বিষয়টির উপর বিশেষ নজর দিতে হবে কারণ এই সমস্ত জিলার ছাত্র-ছাত্রীদের কখনই 5 মাইলের যাত্রাপথের মধ্যে পাওয়া যায় না।

পরিবহনের ক্ষেত্রে একটি মাত্র ব্যতিক্রম রয়েছে। যে পাঁচটি শহরব্যাপী জি অ্যান্ড টি কার্যক্রম রয়েছে তাতে যোগদানকারী ছাত্র-ছাত্রীদের একই জিলায় থাকার দরকার পড়বে না কারণ তাদের বিদ্যালয়গুলি পরিবহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে; যদিও, তাদের একই বোরোর বাসিন্দা হতে হবে। যোগ্যতা বিচারের অন্যান্য সমস্ত নিয়মাবলী প্রযোজ্য। নির্দিষ্ট বিদ্যালয়গুলির জন্য বাস স্টপগুলির সাম্প্রতিকতম তথ্য পেতে অনুগ্রহ করে সরাসরি বিদ্যালয়গুলির সঙ্গেই যোগাযোগ করুন।

পরিবহন পাবার যোগ্যতা সম্পর্কে আরও অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইটটি দেখুন:
nyc.gov/schools/Offices/Transportation/ParentResources/GeneralEducationEligibility

NYC Department of Education

গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড

মূল্যায়ণ কর্মসূচির পরীক্ষার নমুনা
ব্যবহারের নিয়ম

যেসব ছেলেমেয়ের
জন্ম হয়েছে
২০১০
সালে

2010 সালে জন্ম শিক্ষার্থীদের জন্য

পার্ট 1 – ননভারবাল প্র্যাকটিস টেস্ট পরিচালন নির্দেশাবলি

পরিচালনার জন্য বিশেষ নির্দেশাবলি

প্র্যাকটিস টেস্টের শুরুতে যা করণীয়

1. নিচের বিষয়গুলো সম্পর্কে নিশ্চিত হোন:
   a. প্র্যাকটিস টেস্টের সাথে সম্পর্কিত নয় এমন সকল বই এবং অন্যান্য সামগ্রী ডেস্ক অথবা টেবিল থেকে সরিয়ে ফেলা।
   b. আপনার সন্তান আরামদায়কভাবে তার আসনে বসেছে।
   c. আপনার সন্তানের কাছে ইরেজারসহ নরম লেডের নম্বর 2 পেন্সিল আছে।

2. আপনার সন্তানের হাতে নিউ ইয়র্ক সিটি গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্র্যাকটিস টেস্ট পত্রটি দিন।

3. নিচের মোটা হরফের নির্দেশাবলি ঠিক যেমনভাবে লেখা আছে তেমনভাবে পড়ুন। প্রয়োজনবোধে, আপনার নিজস্ব ব্যাখ্যাসহ নির্দেশাবলি দিন। যে টেক্সট মোটা হরফের নয় সেগুলি আপনার জন্য বাড়তি নির্দেশনা এবং ওগুলো শব্দ করে পড়ে শোনাতে হবে না।

4. আপনার সুবিধার্থে, প্রশ্নের সঠিক উত্তরগুলো এই নির্দেশনার পিছনে প্রিন্ট করে দেয়া আছে।

ননভারবাল প্র্যাকটিস টেস্ট পরিচালনা:

বলুন **তোমার প্রশ্নপত্র পুস্তিকার ১ম পৃষ্ঠা খোলো এবং ছবিগুলো দেখো।**

টেস্ট পুস্তিকাটি এমনভাবে ধরুন যাতে প্রথম পৃষ্ঠাগুলো দেখা যায়।

বলুন **ছেলেটি কী করছে তা দেখো।**

আপনার সন্তানকে ছবির নির্দেশনা দেখতে ১০-১৫ সেকেন্ড সময় দিন।

বলুন **সে উত্তর খুঁজছে।**

ছেলেটি কী করছে সেসম্পর্কিত যেকোন প্রশ্নের উত্তর দিন।

বলুন **2 নম্বর উত্তরটি সঠিক কারণ তা নীল স্কয়ারে আবদ্ধ। সে ঐ উত্তরটির নিচের বৃত্তটি পূরণ করছে।**

উত্তরের জায়গাটি দেখিয়ে দিন।

বলুন **এই পুস্তিকায় উত্তরদানের জন্য কিছু প্রশ্ন রয়েছে। প্রত্যেকটি মনোযোগ সহকারে দেখো এবং যে অংশটি এখানে নেই সেটি খুঁজে বের কর যা প্রশ্ন চিহ্ন বক্সে আছে। কোন ছবিতে অতিরিক্ত সময় ব্যায় করবে না। যেকটা পারো সেকটারই উত্তর দাও। যদি উত্তর পরিবর্তন করতে চাও, তুমি যে চিহ্ন দিয়েছিলে তা মুছে ফেলো এবং তোমার নতুন উত্তরটি বৃত্তাবদ্ধ কর। "স্টপ" চিহ্নটি দেখার পর, তুমি আর অগ্রসর হবে না। তোমার আর কি কোন প্রশ্ন আছে?**

সকল প্রশ্নের উত্তর দিন।

বলুন **এবার তুমি শুরু করতে পারো।**

প্রয়োজন অনুযায়ী যতটা সম্ভব সহায়তা প্রদান করুন যাতে আপনার সন্তান বিভিন্ন ধরনের বিষয়ের সাথে পরিচিত হতে পারে। আপনি শুরু এবং থেমে যাওয়ার সময়গুলো লিখে রাখবেন না এবং আপনার সন্তানকে তা জানাবেনও না। যে মুহূর্তে আপনার সন্তান তার ননভারবাল প্র্যাকটিস টেস্ট শেষ করে,

বলুন **স্টপ। পেন্সিল নামাও এবং প্রশ্ন-পুস্তিকাটি বন্ধ কর।**

আপনার সন্তানকে তার ভারবাল প্র্যাকটিস টেস্ট শুরু করার আগে একটি সংক্ষিপ্ত বিরতি দিন।

ভারবাল প্র্যাকটিস টেস্ট পরিচালন নির্দেশনা

এই প্র্যাকটিস টেস্টের লক্ষ্য আপনার সন্তানকে নিউ ইয়র্ক সিটি গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচির মৌখিক মূল্যায়ন পরীক্ষার জন্য প্রস্তুত করা এবং পরীক্ষায় যে ধরনের প্রশ্ন থাকে তার সাথে পরিচিত করা। আপনার সন্তান শিখবে কীভাবে বাঁ থেকে ডানে সারি অনুসরণ করতে হয়, সঠিকভাবে উত্তর চিহ্নিত করতে হয়, এবং প্রয়োজনবোধে কীভাবে উত্তর পরিবর্তন করতে হয়।

প্র্যাকটিস টেস্টে কোন নম্বর(স্কোর) দেয়া হয় না। সুতরাং, প্রশ্নগুলোর সফল উত্তরের জন্য আপনার সন্তানকে প্রয়োজনীয় যতটা সম্ভব সহায়তা প্রদান করুন। সর্বোচ্চ কার্যকারিতার জন্য, প্র্যাকটিস পরীক্ষাটি আসল পরীক্ষার আনুমানিক এক সপ্তাহ আগে নেয়া উচিত। আপনার সুবিধার জন্য, এই নির্দেশিকার পিছনে সঠিক উত্তরগুলো প্রিন্ট করে দেয়া আছে।

পরিচালনার বিশেষ নির্দেশনা

আপনার সন্তানকে পড়ে শোনানোর সকল নির্দেশনা মোটা হরফে দেয়া আছে। পিতামাতাদের জন্য নির্দেশনা(যা পড়ে শোনাতে হবে না) নিয়মিত হরফে দেয়া হয়েছে। আপনি যদি পরীক্ষার সময় কোন প্রশ্ন পড়তে ভুল করেন, তাহলে থামুন এবং বলুন, "আমার ভুল হয়েছে। আবার শুনুন।" তারপর প্রশ্নটি অথবা নির্দেশনাটি শুদ্ধ করে পড়ুন।

বলুন **এখন আমরা কিছু উদ্দীপনাপূর্ণ কর্মকাণ্ড করতে যাচ্ছি যা ধাঁধার মতো। কী করতে হবে - আমি বলা না পর্যন্ত তোমার প্রশ্ন-পুস্তিকাটি বন্ধ রাখো।**

তোমার প্রশ্ন-পুস্তিকায় পরীক্ষার পরবর্তী অংশের প্রথম পৃষ্ঠাটি খোলো। এখন প্রথম সারিটি দেখো, যেখানে সারির শুরুতে একটি ছোট চেয়ার আছে সেটির দিকে দেখো। চেয়ারটির উপর তোমার আঙ্গুল রাখো।

আপনার সন্তান পুস্তিকাটি ঠিকমতো খুলেছে এবং ভারবাল প্র্যাকটিস টেস্টের প্রথম পৃষ্ঠা দেখা যাচ্ছে সেবিষয়টি নিশ্চিত করুন।

বলুন
1 **যখন ছবিগুলি এভাবে পৃষ্ঠার মধ্যে থাকে, তখন আমরা বলি ওগুলি সারিবদ্ধভাবে আছে।**

বাঁ থেকে ডানে পৃষ্ঠার উপর আঙ্গুল দিয়ে সারি দেখিয়ে দিন।

বলুন **তুমি উত্তরের স্থানগুলো দেখতে পাচ্ছো সেবিষয়টি নিশ্চিত কর। ছোট চেয়ারটির পাশের বিল্ডিং ব্লকগুলো দেখো। হুদপিন্ডের নিচের সংখ্যাটি দেখো। সারির পরবর্তী অংশে, ঐ সংখ্যাটিকে চিহ্নিত কর।**

আপনার সন্তান যখন উত্তর চিহ্নিত করছে তখন থেমে থাকুন।

বলুন **কোন জায়গায় তোমার উত্তর চিহ্নিত করেছো?**

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন **হ্যাঁ, 2 সংখ্যাটি একমাত্র সংখ্যা যা হৃদপেন্ডের আকৃতিটির নিচে আছে। 3 সংখ্যাটি হৃদপিন্ডের পাশে রয়েছে, নিচে নয়। 5 সংখ্যাটি হৃদপিন্ডের উপরে, এবং 6 সংখ্যাটিও হৃদপিন্ডের পাশে। তুমি কি বুঝতে পারছো কেন 2 সংখ্যাটি সঠিক উত্তর? আমরা এখন যে সমস্যাটির সমাধান করলাম তা যদি না বুঝে থাকো আমাকে বলো।**

সকল প্রশ্নের উত্তর দিন। তারপর 2 নম্বর প্রশ্নে যান।

বলুন
2 **পরের সারির নিচে তোমার আঙ্গুল রাখো, যেখানে তুমি একটি কাঁচি দেখতে পাচ্ছো। ঐ ছবিটির নিচে চিহ্ন দাও যেখানে: একটি মেয়ে একটি কুকুর এবং একটি বিড়ালের মাঝে বসে টিভি দেখছে এবং টিভির পিছনে একটি ল্যাম্প রয়েছে।**

থেমে আপনার সন্তানকে উত্তর দেয়ার সময় দিন।

বলুন **তুমি কি প্রথম ছবিটির নিচে চিহ্ন দিয়েছো? ওটিই একমাত্র ছবি যেখানে একটি মেয়ে একটি বিড়াল এবং একটি কুকুরের মাঝে বসে টিভি দেখছে এবং টিভির পিছনে একটি ল্যাম্প রয়েছে।**

প্রয়োজনবোধে আরও ব্যাখ্যাসহ যেকোন প্রশ্নের উত্তর দিন।

বলুন
3 **এখন পরবর্তী সারিটির উপর আঙ্গুল রাখো, যেখানে একটি রঙধনু আছে। রঙধনুর পাশের বক্সটি দেখো। বক্সের মধ্যে কিছু বৃত্ত এবং হরফ রয়েছে। সারির পরবর্তী অংশে, ঐ বর্ণটির নিচে দাগ দাও যা উভয় বৃত্তে রয়েছে।**

এবার থামুন।

বলুন **কোন উত্তরটি তুমি চিহ্নিত করেছো?**

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন **হ্যাঁ, তৃতীয় উত্তরটিই সঠিক, তাই নয় কি? C বর্ণটিই শুধু উভয় বৃত্তে আছে। B এবং D বর্ণ দুটো আলাদাভাবে শুধু একটি বক্সে, এবং A উভয় বৃত্তের বাইরে। তুমি যদি ভিন্ন বর্ণের নিচের উত্তর চিহ্নিত করে থাকো, তাহলে সেটি মুছে C বর্ণটির নিচে সঠিক উত্তরটি চিহ্নিত কর। তোমার কি কোন প্রশ্ন আছে?**

আপনার সন্তানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন
4 **এখন তুমি শেষ সারিতে তোমার আঙ্গুল সরিয়ে নাও, যেখানে একটি ঘুড়ি আছে। ঐ বক্সটির নিচে চিহ্ন দাও যেখানে একটি ত্রিভূজের পাশে একটি স্কয়ার আছে যার মধ্যে আবার আছে একটি বৃত্ত।**

আপনার সন্তানের উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন **তুমি কি প্রথম উত্তরটিতে চিহ্ন দিয়েছো? ওটিই একমাত্র উত্তর যেখানে একটি ত্রিভূজ এবং স্কয়ার পাশাপাশি আছে এবং স্কয়ারটিতে আছে একটি বৃত্ত। তুমি কি বুঝতে পারছো অন্য উত্তরগুলো কেন ভুল?**

নিশ্চিত হোন আপনার সন্তান 4 নম্বর প্রশ্নটি বুঝেছে।

বলুন **এখন পৃষ্ঠা উল্টাও। প্রথম সারির শুরুতে একটি ছোট টেবিল দেখতে পাবে।**

আপনার সন্তান ভারবাল টেস্ট পরীক্ষার 2 নম্বর পৃষ্ঠা দেখছে সেবিষয়টি নিশ্চিত করুন।

বলুন **এখন পৃষ্ঠা উল্টাও। পৃষ্ঠার উপরের 5 নম্বর প্রশ্নটি দেখো।**

বলুন

5 **শোন, সারির শুরুতে দেখতে পাচ্ছো পিটার দুই স্লাইস পিৎজা খেয়েছে। ডেভিডও পিটার যতটা খেয়েছে তার সম পরিমাণ স্লাইস পিৎজা খেয়েছে। সারির পরবর্তী অংশে, ঐ ছবিটিতে চিহ্ন দাও যেখানে দেখা যাচ্ছে ডেভিড কয় স্লাইস পিৎজা খেয়েছে।**

থামুন।

বলুন **তুমি কি দ্বিতীয় উত্তরটিতে চিহ্ন দিয়েছো, দুই স্লাইস পিৎজায়? পিটার দুই স্লাইস খেয়েছে, এবং ডেভিড যদি তার সমান খেয়ে থাকে, তাহলে সেও দুই স্লাইস খেয়েছে। বুঝতে পেরেছো?**

প্রয়োজনবোধে, আরও ব্যাখ্যা দিন।

বলুন

6 **এখন তোমার আঙ্গুল শেষ সারিতে পয়েন্ট কর, যেখানে একটি ডিম আছে। ঐ ছবিটি চিহ্নিত কর যেখানে: একটি দোকানের জালানায় দেখা যাচ্ছে দুটি পোশাক এবং একটি খেলার জিনিস।**

আপনার সন্তানের উত্তর দেয়ার সময় আপনি থেমে থাকুন।

বলুন **কোন ছবিটিতে তুমি চিহ্ন দিয়েছো?**

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন **হ্যাঁ, চতুর্থ ছবিটিই একমাত্র উত্তর যেখানে দুটি পোশাক এবং একটি খেলার জিনিস রয়েছে। তুমি কি বুঝতে পেরেছো কেন চতুর্থ উত্তরটি সঠিক?**

নিশ্চিত করুন আপনার সন্তান 6 নম্বর প্রশ্নটি বুঝেছে।

বলুন **এখানেই আমরা শেষ করছি। পেন্সিল নামাও। আগামীতে, আমরা এধরনের আরও কিছু সমস্যার সমাধান করবো। ওগুলো তোমার কাছে পরিচিত মনে হবে, কারণ তুমি বুঝবে এগুলো কেমন করে সমাধান করতে হয়। এখন এমনভাবে প্রশ্ন-পুস্তিকাটি বন্ধ কর যাতে সামনের কভারটি উপরে থাকে।**

দেখিয়ে দিন কীভাবে বইটি বন্ধ করতে হবে। তারপর পরীক্ষাপত্রগুলো সংগ্রহ করুন। এখানেই প্র্যাকটিস পরীক্ষার সমাপ্তি।

সঠিক উত্তরের তালিকা

ননভারবাল প্র্যাকটিস টেস্ট

1	5
2	2
3	3
4	3
5	1
6	4
7	2
8	1

ভারবাল প্র্যাকটিস টেস্ট

1	1
2	1
3	3
4	1
5	2
6	4

NYC Department of Education

গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড

মূল্যায়ণ কর্মসূচির পরীক্ষার নমুনা

যেসব ছেলেমেয়ের
জন্ম হয়েছে

২০১০

সালে

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.
Warning: No part of this publication may be reproduced or transmitted in any form or by any means, electronic or mechanical, including photocopy, recording, or any information storage and retrieval system, without permission in writing from the copyright owner.
Pearson, Naglieri Nonverbal Ability Test, NNAT, Otis-Lennon School Ability Test, and **OLSAT** are trademarks in the U.S. and/or other countries of Pearson Education, Inc., or its affiliate(s). Portions of this work were previously published.

Part 1

Nonverbal Practice Test

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.



Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

1





① ② ③ ④ ⑤

2



① ② ③ ④ ⑤

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

3



① ② ③ ④ ⑤

4





① ② ③ ④ ⑤

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

5



① ② ③ ④ ⑤

6



① ② ③ ④ ⑤

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

7



① ② ③ ④ ⑤

8



① ② ③ ④ ⑤

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

STOP

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

Part 2

Verbal Practice Test

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

1



2 3 5 6

2









3



A B C D

4







Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

5



6



STOP

Copyright © 2012 NCS Pearson, Inc. All rights reserved.

541534 1 2 3 4 5 A B C D E Printed in the USA ISD4835